Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 3 ■ 18th January 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- সরকারি পলিটেকনিকে ২০৯ ল্যাব অ্যাসিস্ট্যান্ট
- ২৪৪ ইন্সট্রাক্টর রাজ্য কারিগরি সংস্থায়
- ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর
- ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

# ৩,৮৩১ শিক্ষক, লাইব্রেরিয়ান, অ্যাসিস্ট্যান্ট, ড্রাইভার, স্টেনো

## ৩,৩৩২ শিক্ষক, লাইব্রেরিয়ান

দিল্লি সরকারের অধীন সংস্থা দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার', 'লাইব্রেরিয়ান', 'স্পেশাল এডুকেশন টিচার' ও 'ড্রয়িং টিচার' পদে ৩,৩৩২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য :

**পোস্ট কোড 64/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (সোশিওলজি)।** সোশিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা এরপর ২ পাতায়

## ২৮৯ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

দিল্লি সরকারের অধীন সংস্থা দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট', 'অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম ক্যাশিয়ার', 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট', 'ফী কালেক্টর /সাব ইন্সপেক্টর' পদে ২৮৯ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য :

**পোস্ট কোড 95/20: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট** : উচ্চমাধ্যমিক এরপর ৪ পাতায়

## ২১০ ড্রাইভার, অ্যাসিস্ট্যান্ট

দিল্লি সরকারের অধীন সংস্থা দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।', 'ড্রাইভার', 'ইন্সপেক্টিং অফিসার', 'সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট' পদে ২১০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার এরপর ৪ পাতায়

# ২২২ ফরেস্ট গার্ড নিচ্ছে বন দফতর

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের

দিল্লি সরকারের অধীন ফরেস্ট অ্যান্ড ওয়াইল্ডলাইফ বিভাগ 'ফরেস্ট গার্ড' ও 'ওয়াইল্ডলাইফ গার্ড / গেম ওয়াচার' পদে ২২২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফরেস্ট গার্ড :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৩-২-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর,ও.বি.সি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের বেলায় ১৬৩ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮৪ সেমি ও ফুলিয়ে ৮৯ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৯ সেমি ও ফুলিয়ে ৮৪ সেমি। তপশিলী উপজাতি ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৪০ সেমি হতে হবে। এরপর ৪ পাতায়

# রেলে ৪০০ অ্যাপ্রেন্টিস

রেল কোচ ফ্যাক্টরির কাপুরথালা 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৪০০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, পেইন্টার (জেনারেল), কার্পেন্টার; মেকানিক (মোটর ভেহিক্যাল), ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক বা, এ.সি. অ্যান্ড রেফ্রিজারেটর মেকানিক। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্যদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ৮-১-২০২০'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ এরপর ৫ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ২৪৮ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের সাউদার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৪৮ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক বা, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

কোন রাজ্যে ক'টি শূন্যপদ :

এরপর ১৬ পাতায়

# এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ডে ৪৩১ অফিসার

কেন্দ্রীয় সরকারের এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনে 'এনফোর্সমেন্ট অফিসার / অ্যাকাউন্টস অফিসার' পদে ৪২১ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। আইন বা, ৫ বছরের ইন্টিগ্রেটেড আইনের ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি, ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, কোম্পানি সেক্রেটারি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা, কস্ট অ্যাকাউন্ট্যান্ট পাশ হলে আর কোনো প্রতিষ্ঠানে অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাকাউন্টস, লিগ্যাল সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৮ অনুযায়ী। শূন্যপদ : ৪২১ (জেনাঃ এরপর ১৬ পাতায়

## এইমসে ২০৬ নার্স

পটনার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস 'নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-।।)' পদে ২০৬ জন লোক নিচ্ছে। বি.এসসি. নার্সিং বা, বি.এসসি. অনার্স নার্সিং কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং এরপর ১৬ পাতায়

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১০২ অ্যাসিস্ট্যান্ট

নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের গোরক্ষপুর হরিয়ানা অনু বিদ্যুৎ পারিওজানা প্রোজেক্টে কাজের জন্য 'সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট /বি' ও ' টেকনিশিয়ান /বি' পদে ১০২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-'বি' :** সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ৫৬টি। এর মধ্যে সিভিল ২২, মেকানিক্যাল ২১, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন /ইলেক্ট্রনিক্স /ইন্সট্রুমেন্টেশন ৬, ইলেক্ট্রিক্যাল ৭। এরপর ১৬ পাতায়

## ৩ বাহিনীতে ৪১৮ অফিসার

স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৩ বছরের ট্রেনিং দিয়ে অফিসার পদে ৪১৮ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা স্থলবাহিনীর (আর্মি) জন্য আবেদন করতে পারেন। ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় এরপর ৯ পাতায়

আকর্ষণীয় মূল্যে

সাফল্য

বেরিয়েছে

২১২ পাতার নববর্ষ সংখ্যা

ফিরে দেখা ২০১৯

এই রাজ্য, জাতীয়, আন্তর্জাতিক, অর্থনীতি, পুরস্কার, খেলা, বিজ্ঞান ও মৃত্যুর প্রতিদিনের সংগ্রহযোগ্য তথ্য সঙ্কলন — যা যে কোনো চাকরির পরীক্ষার ক্ষেত্রে খুবই উপযোগী।

এছাড়াও থাকছে এইসব চাকরির পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

- ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি
- পি.এস.সি ক্লার্কশিপ
- পি.এস.সি মিসলেনিয়াস
- রেলের গ্রুপ 'ডি'
- কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল
- কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল
- ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস

সঙ্গে থাকছে প্রচুর জেনারেল নলেজ ও অন্যান্য সব নিয়মিত বিভাগ

বেরোনোমাত্রই ফুরোনোর সম্ভাবনা। এখনই সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন। Help Line : 9830624170

## 'NEST' পরীক্ষার মাধ্যমে এম.এসসি কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন মুম্বাই বিশ্ববিদ্যালয় -ডিপার্টমেন্ট অফ অ্যাটমিক এনার্জি সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্স (UM-DAE CBS) ও ভুবনেশ্বরের ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে ((NISER) '৫ বছরের ইন্টিগ্রেটেড এম.এসসি. প্রোগ্রাম ইন বেসিক সায়েন্স - বায়োলজি, কেমিস্ট্রি, অঙ্ক ও ফিজিক্স' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। প্রার্থী বাছাই হবে 'দ্য ন্যাশনাল এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট (NEST-2020)'এর মাধ্যমে। এরপর ৯ পাতায়

## এন.সি.সি'র 'সি' পাশদের সেনাবাহিনীতে চাকরি

ভারতীয় সেনাবাহিনী এন.সি.সি. পাশ করা প্রার্থীদের মধ্যে থেকে শর্ট সার্ভিস কমিশনে 'এন.সি.সি. স্পেশাল এন্ট্রি স্কিমে' ৪৮তম কোর্সে কিছু অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এরপর ৪ পাতায়

West Bengal Minorities' Development and Finance Corporation
(Amber, DD-27/E, Sector-1, Salt Lake City, Kolkata- 700064)

NOTICE

WBMDFC invites application from interested candidates for online Registration at

Job Fair

(3rd to 5th February, 2020)

to be held at

Milan Utsav, 2020

at Park Circus Maidan.

For details, please visit www.wbmdfc.org.

Sd/- Managing Director

Toll Free Helpline 18001202130

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆: (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**B.Ed., M.Ed., LLB, Ph.D & One Sitting Exam**
UGC, NCTE, BCI, DO B.A, M.A, B.Com, M.Com, B.Sc., M.Sc., BBA, MBA, MCA, BCA, MSW, Paramedical, Nursing. Contact- Good-Shepherd, Near Nature Cure Hospital, Pradhan Nagar, Siliguri. 9932098092, 9933128991
N

**WBCS & Combined**
কোর্সে ভর্তি চলছে। মাসিক ফিজ। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm)
MS

**নার্সিং**
বিখ্যাত মিশনারি মেডিক্যাল কলেজে ভর্তি চলছে, আছে জয়েন্টের গাইডেন্স। ভালো রেজাল্টের জন্য 1st Yr গাইডেন্স। 9874031117.
R

## কর্মখালি

**গ্রুপ D পদে ফর্ম ফিলাপ চলছে**
গঃভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম- স্নাতক। বেতন: 18,300/- 47,900. অন্যান্য সুবিধা। Ex আর্মির ছাড়। M - 9647778931.
SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপারসহ ব্যাংক (DSA) ও Airport এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18,000/--45,500/-. M - 9647102943.
SA (A)

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চন্দ্র স্যার-9903500682
R

সরকারী চাকুরীর কোচিং। Math, Science, G.S. Khardah. Kol-118, 9062031567, Bapan Sir (School Teacher).
SH(S)

**6 মাসে নিশ্চিত পাশ**
6 মাসে NIOS থেকে M.P/H.S. সহজে পাশ করুন। নেতাজী বিশ্ববিদ্যালয় থেকে BA. M.A., B.Sc, M.Sc নিশ্চিত পাশ। বর্ধমান- 9083395622, কলকাতা- 9382897232.
MS

**COMBINED**
PSC, SSC, RAIL, TET, All Central & State Govt. Exam. 90%-এর বেশি ছাত্রছাত্রী সফল। বারাসাত-9874611300 গড়িয়া বোরাল -8697222057.
R

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**Ph.D**
সব বিষয়ে। IIEM, চিনারপার্ক, কোলকাতা, অধ্যাপক ডঃ চৌধুরী, M- 9874405658.
R

**SSC- সংস্কৃত**
প্র্যাকটিসে গুরুত্ব দিয়ে SSC/ NET/WBCS (মেইনস) দমদমে পড়াই। Mob - 8100002333.
SH(S)

## কর্মখালি

**URGENT VACANCY L.No-EWK-4558**
ডোনেশন ছাড়া মেট্রোরেলে ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে এবং Pvt ব্যাংকে DSA তে বিভিন্ন পদে কর্মপ্রার্থী M/F নিয়োগ চলছে। যোগ্যতা নাম সই- স্নাতক। বেতন: 14,800/-- 42,500/-. এক্স সার্ভিস ও এক্স আর্মিদের বিশেষ সুবিধা। ফর্ম দেওয়া চলছে। থাকা ও খাওয়ার সুব্যবস্থা। সত্ত্বর -8272911052.
SA (A)

**এয়ারপোর্ট, মেট্রোতে ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport, মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশানে M/F কর্মী চাই। যোগ্যতা ৮ম/স্নাতক। বেতন- 18,200/--48,300. থাকা খাওয়া ফ্রি। M-8343905045.
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India, DMLT (প্যাথো), অপ্টোমেট্রি, ফিজিওথেরাপী, ECG, Dialysis, X-Ray, Dental, OT. অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূরবী সিনেমার নিকট) Mobile No- 9331062421.www.cimst.org.in
D

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K of All Competitive Exam, & WBCS. M-9830989770.
SH(S)

MORE THAN 100 RESEARCH SCHOLARS MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
- Humanities
- Engineering
- Nursing
- Law
- Library Science
- Science
- Management
- Pharmacy
- Performing Arts (Music/Dance)

VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
Govt. RL No-43213 স্ট্যাম্প পেপারে লিখিত সহ Airport মেট্রো ও ব্যাংকে, M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/স্নাতক। বেতন-18,200/- -- 47,300/- থাকা খাওয়া। M 9647777656.
SA(A)

**এয়ারপোর্ট ও মেট্রো**
Govt. RL No-2583 উঃবঙ্গ সহ পঃবঙ্গের বিভিন্ন জেলায় Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম- স্নাতক। বেতন- 17,900/- 48,300/-. থাকা খাওয়া ফ্রি। M- 9609761648.
SA(A)

**দমদম Airport ও মেট্রো সরকারি কন্ট্রাক্টরের অধীনে**
7 দিনে স্পট জয়েনিং। সম্পূর্ণ বিনা ডোনেশনে বিভিন্ন অফিশিয়াল পদে 242 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/ স্নাতক। বেতন- 17,900/- 47,300/-. থাকা খাওয়া ফ্রি। M- 9732038226.
SA(A)

**পঃবঃ এই সর্বপ্রথম এয়ারপোর্ট-মেট্রোতে**
7 দিনে স্পট জয়েনিং সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport মেট্রো ও ব্যাংকে কন্ট্রাক্টারের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা- ৮ম-স্নাতক। বেতন-18,300/- 49,200/-. M 9563998788.
SA(A)

**বিশেষ বিজ্ঞপ্তি**
চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

## স্কুল-কলেজ-শিক্ষা

**হোটেল ম্যানেজমেন্ট কোর্স ও চাকরি**
5 মাসের কোর্স শেষে ৬ মাসের হোটেলে ট্রেনিং শেষ করে চাকরি সুনিশ্চিত। প্রত্যেক ব্যাচে প্রথম 4 জন ছাত্রছাত্রীকে বিদেশে প্লেসমেন্ট ফ্রি। কোর্স ফি 50,000/-, বয়স 18-35. ভর্তি ও নতুন ব্যাচ প্রত্যেক মাসে। 033-40611693, 8145273529 www.fshm.co.in
D

**ফায়ার এন্ড সেফটি**
ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স। Lotus Institute, গোবরডাঙ্গা, 8918859081, 8372808660
R

**কলেজস্ট্রীট ও নৈহাটি**
মাসিক মাহিনায় কোচিং। CGL, MTS, RL, PSC, WBCS, TET & COMB. শাখা : মগড়া (হুগলি)। Phone.- 8017947874.
SH

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898
R

**এক জানালায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সফল ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122 9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349 8100960001
Email : onlineadbooking1@gmail.com

9874922004

# ৩,৩৩২ শিক্ষক, লাইব্রেরিয়ান

১ পাতার পর

আবেদন করতে পারেন। শূন্যপদ : ৯ (জেনাঃ ৬, ও.বি.সি. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২।

**পোস্ট কোড 65/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (সোশিওলজি)।** সোশিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৭ (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**পোস্ট কোড 66/20: পোস্ট গ্র্যাজুয়েট টিচার (অর্থনীতি)।** অর্থনীতি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা যোগ্য। শূন্যপদ : ৩৪ (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৬)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

**পোস্ট কোড 67/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (অর্থনীতি)।** অর্থনীতি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা যোগ্য। শূন্যপদ : ৫২ (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৬)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

**পোস্ট কোড 68/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (হিন্দি)।** হিন্দি বা, সংস্কৃত বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১১১ (জেনাঃ ৫৫, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ৩১, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭)। এর মধ্যে প্রতিবন্ধী ৬।

**পোস্ট কোড 69/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (হিন্দি)।** হিন্দি বা, সংস্কৃত বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৯১ (জেনাঃ ৫৯, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৩।

**পোস্ট কোড 70/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স)।** কম্পিউটার সায়েন্স বা, আই.টি.'র ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে কিংবা ডোয়েক থেকে 'বি' বা, 'সি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটার সায়েন্সের মাস্টার ডিগ্রি কিংবা এম.সি.এ. কোর্স পাশ ছেলেরাও যোগ্য। শূন্যপদ : ১৪ (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

**পোস্ট কোড 71/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স)।** কম্পিউটার সায়েন্স বা, আই.টি.'র ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ মেয়েরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে কিংবা ডোয়েক থেকে 'বি' বা, 'সি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটার সায়েন্সের মাস্টার ডিগ্রি কিংবা এম.সি.এ. কোর্স পাশ ছেলেরাও যোগ্য। শূন্যপদ : ১০ (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

**পোস্ট কোড 72/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (রাষ্ট্রবিজ্ঞান)।** রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা যোগ্য। শূন্যপদ : ২৪ (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ৩, তঃউঃজাঃ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

**পোস্ট কোড 73/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (রাষ্ট্রবিজ্ঞান)।** রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা যোগ্য। শূন্যপদ : ৪১ (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৯, তঃউঃজাঃ ৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

**পোস্ট কোড 74/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (অ্যাগ্রিকালচার)।** অ্যাগ্রিকালচার বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা যোগ্য। শূন্যপদ : ২ (জেনাঃ)।

**পোস্ট কোড 76/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (সংস্কৃত)।** সংস্কৃত বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেরা যোগ্য। শূন্যপদ : ৩১ (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ২।

**পোস্ট কোড 78/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ভূগোল)।** ভূগোল বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১০ (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

**পোস্ট কোড 79/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস)।** ইতিহাস বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট মেয়েরা যোগ্য। শূন্যপদ : ২৪ (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৬, তঃউঃজাঃ ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৪।

**পোস্ট কোড 80/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন)।** ফিজিক্যাল এডুকেশনের ডিগ্রি (বি.পি.এস. বা, পি.পি.ই.) কোর্স পাশ মেয়েরা যোগ্য। শূন্যপদ : ৯ (জেনাঃ৬, ও.বি.সি.১, তঃজাঃ১, তঃউঃজাঃ ১)।

**পোস্ট কোড 81/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (হোম সায়েন্স)।** হোম সায়েন্সের এম.এসসি. কোর্স পাশ মেয়েরা আবেদন করতে পারেন। হোম সায়েন্সের বি.এসসি. কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৭৪ (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ২৬, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ১২)।

**পোস্ট কোড 85/20 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন)।** ফিজিক্যাল এডুকেশনের ডিগ্রি (বি.পি.এস. বা, পি.পি.ই.) কোর্স পাশ ছেলেরা যোগ্য। শূন্যপদ : ৮ (জেনাঃ৪, ও.বি.সি.২, তঃজাঃ১, তঃউঃজাঃ ১)।

**পোস্ট কোড 87/20 : ফিজিক্যাল এডুকেশন টিচার।** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.পি.এড. কিংবা ফিজিক্যাল এডুকেশনের স্বীকৃত ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ৬৯২টি (জেনাঃ ২৪৯, ই.ডব্লু.এস. ২৭, ও.বি.সি. ২৫৩, তঃজাঃ ৮৪, তঃউঃজাঃ ৭৯)।

**পোস্ট কোড 88/20 : ডোমেস্টিক সায়েন্স টিচার।** ডোমেস্টিক সায়েন্স বা, হোম সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ডোমেস্টিক সায়েন্স বা, হোম সায়েন্স নিয়ে বি.এড. কোর্স পাশ হতে হবে। মাধ্যমিকে হিন্দি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ১৯৪টি (জেনাঃ ৭০, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ৬৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৩৯)। এর মধ্যে প্রতিবন্ধী ১৭।

**পোস্ট কোড 90/20 : ড্রয়িং টিচার।** ড্রয়িং অ্যান্ড পেইন্টিং বা, ফাইন আর্টের এম.এ. কোর্স পাশরা যোগ্য। আর্ট অ্যান্ড আর্ট এডুকেশনের বি.এ. (অনার্স) কোর্স পাশরাও যোগ্য। ড্রয়িং অ্যান্ড পেইন্টিং /ফাইন আর্ট /আর্টবিষয় নিয়ে বি.এ. কোর্স পাশরা ২ বছরের পুরো সময়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। ড্রয়িং, পেইন্টিং, স্কাল্পচার বা, গ্রাফিক্ আর্টের ৫ বছরের পুরো সময়ের ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ২৩১টি (জেনাঃ ১২৫, ই.ডব্লু.এস. ১৬, ও.বি.সি. ৩৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪৯)। এর মধ্যে প্রতিবন্ধী ১৫।

**পোস্ট কোড 93/20: স্পেশাল এডুকেশন টিচার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ কিংবা, বি.এড. কোর্স পাশরা ২ বছরের স্পেশাল এডুকেশনের ডিপ্লোমা কোর্স পাশ হলে/ স্পেশাল এডুকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট প্রফেশনাল ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রিহ্যাবিলাইটেশন কাউন্সিল অফ ইন্ডিয়ার অনুমোদিত সমতুল যোগ্যতা থাকলেও আবেদনের যোগ্য। সি.বি.এস.ই.'র 'CTET' পরীক্ষায় সফল হতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। শূন্যপদ : ৯৭৮টি (জেনাঃ ২৫৫, ই.ডব্লু.এস. ৯৭, ও.বি.সি.৪০১, তঃজাঃ১২১, তঃউঃজঃ১০৪)। এর মধ্যে ১২।

**পোস্ট কোড 92 /20: লাইব্রেরিয়ান :** লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। লাইব্রেরি বা, কম্পিউটারাইজড লাইব্রেরিতে ২ বছরের অভিজ্ঞতা আর কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। শূন্যপদ : ১৯৭টি (জেনাঃ ৮১, ই.ডব্লু.এস. ৯. ও.বি.সি. ৬১, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৩২)। এর মধ্যে প্রতিবন্ধী ৮।

ওপরের সব বিষয়ের বেলায় ট্রেনিং /এডুকেশনের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. করে থাকলে বা, উচ্চমাধ্যমিক, ডিগ্রি ও পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকলে বি.এড. বা, বি.টি. কোর্স পাশ না হলেও যোগ্য। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, কলেজে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। সব পদের বেলায় ন্যূনতম বয়স হতে হবে ১৮ (ওপরের উল্লেখিত পদ ছাড়া) বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। বিজ্ঞপ্তি নং : 04/2020.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি টায়ারে। কোন পেপারে কী কী বিষয় থাকবে তা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhigovt.nic.in সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জানুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in, www://dsssb.delhigovt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ফী পেমেন্ট চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে কয়েক-হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। এই পদের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা হবে ২টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি-৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ-৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক-৩০ নম্বর। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টের ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ গোপাল দেওঘোরিয়া।

## ENGLISH

**irection (Qs. 1–10) :** *Choose the orrect alternatives from the options iven below :*

. You should keep in mind that blood onation is beyond any doubt a —— onation.
) novel (b) nobel (c) nobell (d) noble

. First of all, remove the —— mangoes om the basket
a) rotting (b) rotens (c) rotten (d) otones

. The patient —— before the doctor ame
a) dies (b) had died (c) will dying (d) has died

4. Do you know the —— of the famous writer
(a) pseudonym (b) ceudonium (c) cudonym (d) sendonym

5. Mother asked me if ——
(a) I had done my duty (b) I do my duty (c) She does her duty (d) I will do it

6. The little girl was shouting —— of her voice.
(a) by dint of (b) at the top of (c) at the eve of (d) above all

7. The new magician of the town is —— me.
(a) known by (b) known to (c) knew with (d) known at

8. It is my —— to you Amal, never look down —— the poor.
(a) advise, up (b) pray, to (c) pray, among (d) advice, upon

9. Can you please tell me, what —— you laugh?
(a) makes (b) making (c) make (d) make up

10. Please come one —— one, It's the rule.
(a) with (b) to (c) by (d) beside

**Direction (Qs. 11–15) :** *Choose the correct phrasal verb to make the following sentences meaningful:*

11. Puspita can't —— the sums given as her home task.
(a) make out (b) tell upon (c) work out (d) give up

12. It is my request to you Avik, try to —— the loss as soon as possible.
(a) make out (b) make up (c) give up (d) look into

13. The President of the club will —— the prizes among the successful competitors.
(a) give away (b) give in (c) set up (d) tell upon

14. Unfortunately I can't —— your old address, so please call me.
(a) hold out (b) set about (c) bring up (d) call up

15. Monalisa can't —— such insult. So take care of it
(a) put on (b) put up with (c) put off (d) see off

**Direction (Qs. 16–20) :** *Find out the Antonym of the given words :*

16. Unity
(a) Prestige (b) Hell (c) Silent (d) Diversity

17. Conceal
(a) Reveal (b) Confessed (c) Heaven (d) Refuse

18. Cheerful
(a) Joy (b) Happiness (c) Sullen (d) Admit

19. Victory
(a) Triumph (b) Urban (c) Indecent (d) Reveal

20. Blame
(a) Oppose (b) urge (c) Praise (d) Confess

**Direction (Qs. 21–25) :** *Choose the correct answer:*

21. They called me a fool. (In passive voice)
(a) A fool was called by them me (b) I was called a fool by them (c) They were called a fool by me (d) None of these

22. Mita said to her brother. "Do you like the film?" (In indirect speech)
(a) Mita asked her brother if he liked the film (b) Mita told her brother to like the film (c) Mita told to her brother if she liked the film (d) None of these

23. She is too weak to climb up a tree. (In complex form)
(a) She is so weak to climb up a tree (b) She is very weak to climb up a tree (c) She is so weak that she cannot climb up a tree (d) None of these

24. Do if you do not want to die. (In compound sentence)
(a) Do or die (b) Do but to die (c) Do and die surely (d) None of these

25. Rupa is taller than Aparupa. Using the positive degree we should write
(a) Aparupa is not so tall as Rupa (b) Aparupa is more tall than Rupa (c) Rupa is less taller than Aparupa (d) None of these

**Direction (Qs. 26–30) :** *Choose the correct synonym of the given words.*

26. Strange
(a) Queer (b) Defeat (c) Victory (d) Ready

27. Rural
(a) Rustic (b) Hell (c) Urban (d) Zenith

28. Reluctant
(a) Wisdom (b) Ugly (c) Unwilling (d) Dishonest

29. Insane
(a) Sincere (b) Lunatic (c) Famous (d) Trouble

30. Prestige
(a) Honest (b) Queer (c) Defeat (d) Glory

## GENERAL STUDIES

31. মানবদেহে ইউরিয়া উৎপন্ন হয় —
(a) যকৃতে (b) বৃক্কে (c) ফুসফুসে (d) পাকস্থলীতে

32. রাজ্যসভার সদস্যরা কত বছরের জন্য নির্বাচিত হন?
(a) ৪ বছর (b) ৫ বছর (c) ৬ বছর (d) ৭ বছর

33. কত সালে সৎনামী বিদ্রোহ দেখা দেয়?
(a) ১৬৭২ (b) ১৬৫৫ (c) ১৬৮০ (d) ১৬৯৯

34. 'দহন' চলচ্চিত্রটির পরিচালক কে?
(a) তরুণ মজুমদার (b) মৃণাল সেন (c) ঋতুপর্ণ ঘোষ (d) ঋত্বিক ঘটক

35. পেঁপে গাছের তরুক্ষীরে উপস্থিত উৎসেচকটির নাম কী?
(a) অ্যামাইলেজ (b) রেজিন (c) লাইপেজ (d) প্যাপেইন

36. ফ্রিকোয়েন্সি অ্যানালাইজার যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(a) বুদ্ধিহীনতা (b) বধিরত্ব (c) অন্ধত্ব (d) কোনোটিই নয়

37. কেঁচোর গমন অঙ্গের নাম কী?
(a) ক্ষণপদ (b) সিটা (c) ফ্লাজেলা (d) সিলিয়া

38. 'বর্তমান ভারত' কার বিখ্যাত রচনা?
(a) রাজা রামমোহন রায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) স্বামী বিবেকানন্দ (d) নেতাজি সুভাষচন্দ্র বসু

39. টিউলিপ ফুল বেশি তাপে ফোটে ও কম তাপে মুদে যায়। এটি কী ধরণের চলন?
(a) সিসমোন্যাস্টিক (b) থারমোন্যাস্টিক (c) ফটোন্যাস্টিক (d) কোনোটিই নয়

40. পৃথিবীর প্রথম সাহিত্য কোনটি?
(a) মনুসংহিতা (b) চর্যাপদ (c) চরিতামৃত (d) ঋকবেদ

41. হেপারিন নিঃসরণ করে
(a) শ্বেতকণিকা (b) লোহিত কণিকা (c) অনুচক্রিকা (d) কোনোটিই নয়

42. ভারতের প্রাচীনতম তেলের খনি কোনটি?
(a) ট্রম্বে (b) ডিগবয় (c) আঙ্কলেশ্বর (d) কোনোটিই নয়

43. কোনটি মুক্ত সংবহনতন্ত্রে দেখা যায় না?
(a) ধমনি (b) জালক (c) রক্তগহ্বর (d) কোনোটিই নয়

44. ভানুসিংহ কোন বিখ্যাত মনীষীর ছদ্মনাম?
(a) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (b) আশাপূর্ণা দেবী (c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (d) রবীন্দ্রনাথ ঠাকুর

45. ভেনাস হৃৎপিন্ড দেখা যায় —
(a) মাছ (b) পাখি (c) স্তন্যপায়ী (d) ব্যাঙ

46. লেবুতে কোন অ্যাসিড থাকে?
(a) টারটারিক অ্যাসিড (b) ফসফরিক অ্যাসিড (c) ম্যালিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড

47. দিগম্বর বিশ্বাস কোন বিদ্রোহ বা আন্দোলনের নেতা ছিলেন?
(a) নীল বিদ্রোহ (b) মহাবিদ্রোহ (c) জাঠ বিদ্রোহ (d) অসহযোগ আন্দোলন

48. আরব উপদ্বীপের বৃহত্তম রাষ্ট্র কোনটি?
(a) সৌদি আরব (b) সিরিয়া (c) আলাকান (d) কোনোটিই নয়

49. 'ভোরঘাট পাস' ভারতের কোন রাজ্যে আছে?
(a) বিহার (b) উত্তর প্রদেশ (c) মহারাষ্ট্র (d) মধ্য প্রদেশ

50. কোনটি শর্করা নয়?
(a) সেলুলোজ (b) মল্টোজ (c) গ্লিসারল (d) ডেক্সট্রিন

51. পেড্রো তালাগোলা শ্রীলঙ্কার সর্বোচ্চ শৃঙ্গ। এটির উচ্চতা কত?
(a) ৮,২৮১ ফুট (a) ৯,২৮১ ফুট (a) ৭,২৮১ ফুট (a) ৬,২৮১ ফুট

52. কোরিয়া প্রণালী কোন-কোন দেশকে বিভক্ত করেছে?
(a) তিব্বত ও চিন (b) চিন ও জাপান (c) ভুটান ও চিন (d) জাপান ও নেপাল

53. কোন তথ্যটি সঠিক নয়?
(a) গাজর খেলে ভিটামিন A-র অভাব মেটে (b) লাইকেন একপ্রকার মিথোজীবী উদ্ভিদ (c) স্নায়ুকোশের নিজল দানা থাকে কোশদেহে (d) সবক'টি সত্য

54. রাজ্য রাষ্ট্র কৃত্যক কমিশনের সদস্য সংখ্যা নির্ধারণ করেন কে?
(a) রাজ্যপাল (b) রাষ্ট্রপতি (c) মুখ্যমন্ত্রী (d) হাই কোর্ট

55. রক্তের একটি অজৈব উপাদান হল —
(a) সোডিয়াম (b) ক্যালসিয়াম (c) গ্লুকোজ (d) A ও B

56. 'The Happy Prince' গল্পের গল্পকার কে?
(a) Katherine Mansfield (b) He Bates (c) Oscar Wilde (d) O. Henry

57. মানুষের রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কত?
(a) 14.5/100 মিলি. (b) 20/100 মিলি. (c) 28/100 মিলি (d) 32/100 মিলি

58. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম কত সালে?
(a) ১৮২০ (b) ১৮২৪ (c) ১৮৩৮ (d) ১৮০৮

59. 'The Art of the Essayist'এর প্রাবন্ধিক কে?
(a) Robert Lynd (b) AC Benson (c) Charles Lamb (d) Thomas De Quincey

60. 'বাবরের প্রার্থনা' কে লিখেছেন?
(a) শঙ্খ ঘোষ (b) প্রচেত গুপ্ত (c) সমরেশ মজুমদার (d) বিমল কর

61. 'গয়নার বাক্স' কে লিখেছেন?
(a) শীর্ষেন্দু মুখোপাধ্যায় (b) বিমল কর (c) সমরেশ বসু (d) বিমল মিত্র

62. নীল কমিশন কত সালে গঠিত হয়েছিল?
(a) ১৯০৩ (b) ১৮৫৫ (c) ১৮৫৯ (d) ১৮৬০

63. শিল্পক্ষেত্রে অয়েল অফ ভিট্রিয়ল নামে পরিচিত কোনটি?
(a) নাইট্রিক অ্যাসিড (b) অ্যাকোয়া রিজিয়া (c) সালফিউরিক অ্যাসিড (d) কোনোটিই নয়

64. নীচের কোনটি দ্বিপক্ষল যৌগিকপত্রের উদাহরণ?
(a) লজ্জাবতী (b) তেঁতুলপাতা (c) দু'টিই (d) কোনোটিই নয়

65. জাতীয় বিজ্ঞান দিবস কবে পালিত হয়?
(a) ২৪ মার্চ (b) ১ জুন (c) ২৪ ফেব্রুয়ারি (d) ৫ জুলাই

66. ফ্লেম কোশ কার রেচন অঙ্গ?
(a) চিংড়ি (b) কেঁচো (c) ফিতাকৃমি (d) স্পঞ্জ

67. কোন তথ্য সঠিক নয়?
(a) মৃতজীবী — ব্যাঙের ছাতা (b) পরজীবী — স্বর্ণলতা (c) মিথোজীবী — রাইজোবিয়াম (d) সবগুলি সত্য

68. কোনটি গৌণ খাদক?
(a) ফড়িং (b) ব্যাং (c) বাঘ (d) কোনোটিই নয়

69. দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয়, এমন একটি সমযোজী যৌগের নাম করুন।
(a) কাপড় কাচার সোডা (b) খাদ্যলবণ (c) জল (d) চক

70. নীচের কোন যৌগটির ক্ষেত্রে 'সংকেত ভর' প্রযোজ্য?
(a) $CH_4$ (b) $CaCl_2$ (c) $H_2O$ (d) $CH_3COOH$

☞ এরপর ৬ পাতায়

১৩২ পাতার দাম ১০ টাকা
জানুয়ারি সংখ্যা বেরোল
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
সাধারণ জ্ঞান
পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




## শিক্ষক-শিক্ষিকা

### আল-আমীন মিশন খলতপুর, হাওড়া

আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই। মিশনের বিভিন্ন শাখার জন্য বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা, ইতিহাস, ভূগোল ও শারীরশিক্ষা বিষয়ে স্নাতক / স্নাতকোত্তর আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই। এছাড়াও ডিটিপি-র কাজ জানা অফিস কর্মী চাই। ১০ দিনের মধ্যে দরখাস্ত জমা দিন অথবা ই-মেল করুন এই ঠিকানায় : আল-আমীন মিশন, ৫৩ বি ইলিয়ট রোড, কলকাতা- ৭০০০১৬। e-mail: gazi.alameen mission@gmail.com

SH

## কর্মখালি

Jio/Naptal/SBI কাস্টঃ কেয়ারে বাংলা ভাষী M/F নিয়োগ চলছে। বেতন, INC+OT সহ 12,800/-. 7044049492, 9674015515.

B

মার্কেটিং এক্সিকিউটিভ পদে 48 জন আবশ্যক। আয়: 10 –16,000 + ইনসেনটিভ, যোগ্যতা: মাধ্যমিক/ H.S. / স্নাতক, M- 8017091988.

SG

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500/- -18500/-. থাকা খাওয়ার সুবিধা। 8436485750.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক + অনূর্ধ্ব 30) 120 জন M/F চাই। আয়: 10,500/-+ থাকা ফ্রী। কলকাতা: 8697565808.

SG

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ 27 টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিং হোম ও প্রাইভেট হাসপাতালে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- -17,500/-. Mobile - 7719152618.


### দেখে বুঝে পা ফেলুন

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়। —

সম্পাদক, 'কর্মসংস্থান'

# ২৮৯ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি ট্যুরিজম ও ট্রান্সপোর্ট বিভাগে।

**পোস্ট কোড 96/20: অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম ক্যাশিয়ার :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ট্যালি বা, ফিনান্স প্যাকেজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি ট্যুরিজম ও ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনে।

**পোস্ট কোড 97/20: স্টোরকীপার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। চাকরি হবে দিল্লি ট্যুরিজম ও ট্রান্সপোর্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনে।

**পোস্ট কোড 99/20: ফী কালেক্টর /সাব-ইন্সপেক্টর /অকশন রেকর্ডার :** উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। মার্কেটিং ম্যানেজমেন্টের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ১৩১টি (জেনাঃ ৬৭, ও.বি.সি. ২৮, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ১৩)। চাকরি হবে দিল্লি অ্যাগ্রিকালচারাল মার্কেটিং বোর্ডে।

**পোস্ট কোড 100/20: জুনিয়র স্টেনোগ্রাফার :** মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিং বা, শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি অ্যাগ্রিকালচারাল মার্কেটিং বোর্ডে।

**পোস্ট কোড 101/20: অ্যাসিস্ট্যান্ট ব্যাকটেরিওলজিস্ট :** বায়ো-কেমিস্ট্রি, মাইক্রো বায়োলজি, ব্যাক্টেরিওলজি, বায়ো টেকনোলজি বা, জুলজির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি জল বোর্ডে।

**পোস্ট কোড 108/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) :** মাধ্যমিক পাশরা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

**পোস্ট কোড 109/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেডিক্যাল ল্যাব টেকনোলজি) :** মাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

**পোস্ট কোড 111/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

**পোস্ট কোড 112/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক অ্যান্ড কমিউনিকেশন) :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

**পোস্ট কোড 113/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ফার্মাসি) :** মাধ্যমিক পাশরা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

**পোস্ট কোড 115/20: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার) :** মাধ্যমিক পাশরা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ :২৮টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ট্রেনিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনে।

সব পদের বেলায় ন্যূনতম বয়স হতে হবে ২৭-২-২০২০'এর হিসাবে১৮ (ওপরের উল্লেখিত পদ ছাড়া) বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/20.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পোস্ট কোড ৯৪/২০, ৯৫/২০, ৯৭/২০, ৯৮/২০, ৯৯/২০, ১০০/২০ পদের বেলায় ২ ঘন্টার ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, (গ) অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, (ঘ) টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, (ঙ) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন।

পোস্ট কোড ৯৬/২০, ১০১/২০- ১১৬/২০ পদের বেলায় ২ ঘন্টার ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের এই দু'টি সেকশনে। সেকশন -।-এ থাকবে এইসব বিষয় : (ক) জেনারেল অ্যাওয়ারনেস, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, (গ) অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, (ঘ) টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, (ঙ) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন।

সেকশন -।।-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০ নম্বরের ১০০ টি প্রশ্ন।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhi.govt.in সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in, www://dsssb.delhigovt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ফী পেমেন্ট চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ২১০ ড্রাইভার, অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ১০৩টি (জেনাঃ ৪৭, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ১০)। চাকরি দিল্লি স্টেট সিভিল সাপ্লাইজ কর্পোরেশনে। পোস্ট কোড : 37/20.

**ড্রাইভার :** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে ও গাড়ি চালানোর কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোটর মেকানিজমে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। পোস্ট কোড : 39/20.

**ইলেক্ট্রিক্যাল ওভারসীয়ার :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড ২,৮০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)। চাকরি হবে দিল্লি শ্রম বিভাগে। পোস্ট কোড : 41/20.

**ইন্সপেক্টিং অফিসার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা লেবার ল /পার্সোন্যাল ম্যানেজমেন্ট / সোশ্যাল ওয়ার্কের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। আইনের ডিগ্রি কোর্স পাশ ও লেবার ল, পার্সোন্যাল ম্যানেজমেন্ট বা, সোশ্যাল ওয়ার্ক বিষয়ে উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৭, ও.বি.সি. ২, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি শ্রম বিভাগে। পোস্ট কোড : 47/20.

**লেবার অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) :** কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। কেমিস্ট্রি, টক্সিকোলজি বা, কেমিস্ট্রি বিষয় নিয়ে ফরেন্সিক সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। পোস্ট কোড : 45/20.

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ডকুমেন্টস) :** ফিজিক্স, কেমিস্ট্রি বা, কম্পিউটার সায়েন্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, ফরেন্সিক সায়েন্স, কম্পিউটার সায়েন্সের মাস্টার ডিগ্রি, এম.সি.এ., বি.টেক. (কম্পিউটার) কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)। চাকরি হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। পোস্ট কোড : 49/20.

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) :** কেমিস্ট্রি, টক্সিকোলজি বা, ফরেনসিক সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. কোর্সে কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৮০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। পোস্ট কোড : 55/20.

**সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) :** কেমিস্ট্রি, টক্সিকোলজি বা, ফরেনসিক সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. কোর্সে কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে থাকতে হবে। রিসার্চ বা, অ্যানালিটিক্যাল সংক্রান্ত কাজে দু'বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,২০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে। পোস্ট কোড : 61/20.

**ল্যাবরেটরি টেকনিশিয়ান :** কেমিস্ট্রি বিষয় নিয়ে সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কোনো কেমিক্যাল ল্যাবরেটরিতে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,৪০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে দিল্লি জল বোর্ডে। পোস্ট কোড : 63/20.

সব পদের বেলায় বয়স হতে হবে ২০-২-২০২০'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/20.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রশ্ন হবে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইট থেকেই পাবেন।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhi.govt.in সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জানুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in, www://dsssb.delhigovt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ফী পেমেন্ট চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# সেনাবাহিনীতে চাকরি

১ পাতার পর

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্সের তৃতীয় বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় প্রথম ২ বছরে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এন.সি.সি.'র সিনিয়র ডিভিশনে অন্তত ২ বছর থাকার পর 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড থাকা দরকার। বয়স হতে হবে ১-৭-২০'এর হিসাবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-৯৫ থেকে ১-৭-২০০১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি। ছেলেদের বেলায় ওজন বয়সের সঙ্গে সুসামঞ্জস্যপূর্ণ আর মেয়েদের বেলায় ৪২ কেজি। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮ আর মায়োপিয়া '–3.50'-র কম। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে, আগামী বছর অক্টোবরে। তখন স্টাইপেন্ড মাসে ২১,০০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে শর্ট সার্ভিস কমিশনে চাকরি। তখন ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৫৫টি। এর মধ্যে তরুণ ৫০টি ও মহিলা ৫টি।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের গ্রুপ টেস্ট, ইন্টারভিউ ও সাইকোলজিক্যাল টেস্টের 'কল লেটার' পাঠানো হবে। ৫ দিনের পরীক্ষা। সফল হলে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in প্রার্থী বাছাই পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন : (১) এখনকার তোলা গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) ডিগ্রি কোর্স পাশের মার্কশীটের প্রত্যয়িত নকল, (৩) এন. সি. সি.'র 'সি' সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) মাধ্যমিক পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

# ২২২ ফরেস্ট গার্ড

১ পাতার পর

মূল মাইনে ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,০০০ টাকা। শূন্যপদ : ২১১টি (জেনাঃ ৮৮, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৭, ই.ডব্লু.এস. ২১)।

**ওয়াইল্ডলাইফ গার্ড / গেম ওয়াচার :** মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে ৫,২০০-২০,২০০ টাকা ও গ্রেড পে ২,০০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

দুই পদের বেলয়াই বয়স হতে হবে ১৩-২-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১২ বা, ১৩ মার্চ, দিল্লিতে। ২ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষায় ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঘ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঙ) হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন।

সফল হলে ফরেস্ট গার্ড পদের বেলায় শরীরের মাপজোখের পরীক্ষা হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ছেলেদের বেলায় ৪ ঘন্টায় ২৫ কিমি ও মেয়েদের বেলায় ৪ ঘন্টায় ১৬ কিমি পায়ে হাঁটতে হবে। পরীক্ষা হবে দিল্লিতে।

দরখাস্ত করবেন অনলাইনে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : htt://forest.delhigovt.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০০ কেবির মধ্যে), সিগনেচার (৫০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন। মহিলা, তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সোশ্যাল ওয়ার্কের ২ দিনের সার্টিফিকেট কোর্স

কেন্দ্রীয় সরকারের গান্ধী স্মৃতি ও দর্শন সমিতি, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের সহযোগিতায়, সুখবর পত্রিকার পৃষ্ঠপোষকতায়, সিপডাভে'র (SIPDAVE) উদ্যোগে অহিংস সামাজিক নেতৃত্বদান বিষয়ে তরুণদের জন্য ট্রেনিংয়ের শিবির হবে ২২ ও ২৩ ফেব্রুয়ারি রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, গোলপার্কে। যেসব তরুণ-তরুণী সমাজসেবাকে পেশা হিসাবে নিতে চান, তাঁরা এই ট্রেনিংয়ের জন্য দরখাস্ত করতে পারেন। সমাজসেবা প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত কিংবা শিক্ষকতা, জনসংযোগ বা সাংবাদিকতায় কর্মরত তরুণ তরুণীরাও দরখাস্ত করার জন্য যোগ্য। সোশাল ওয়ার্ক, সোশিওলজি, মনস্তত্ত্ব, সাংবাদিকতার ছাত্রছাত্রী ও সিভিল সার্ভিস পরিক্ষার্থীরাও এই ২ দিনের কর্মশালায় ট্রেনিং নিয়ে পাঠ্যাতিরিক্ত যোগ্যতা বাড়াতে পারেন। কোর্সের বিষয় ম্যানেজমেন্ট, লিডারশিপ, ব্যক্তিত্ব, মোটিভেশন, জ্ঞাপন, জনসংযোগ ও এনজিও পরিচালনা। কোর্স শেষে সার্টিফিকেট দেওয়া হবে। দরখাস্ত করবেন সাধারণ কাগজে। নাম, ঠিকানা, মোবাইল নম্বর, হোয়াটসঅ্যাপ নম্বর, ই-মেল আই ডি, বয়স, শিক্ষাগত যোগ্যতা লিখে। E-mail-এও আবেদন করতে পারেন। দরখাস্ত পৌঁছনো চাই ২৫ জানুয়ারির মধ্যে। বাছাইদের ৩১ জানুয়ারির মধ্যে জানিয়ে দেওয়া হবে। তখন রেজিস্ট্রেশন ফী বাবদ ১০০ টাকা ব্যাঙ্কের মাধ্যমে জমা দিতে হবে। যোগাযোগ : ডঃ পার্থ চট্টোপাধ্যায় : E-mail : partha26chatterjee@gmail.com WhatsApp No. 9231835455. আর মাত্র কয়েকটি সীটের জন্যই দরখাস্ত নেওয়া হচ্ছে।

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

## স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের ৬টি বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এক্স-রে টেকনিশিয়ান, (২) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (৩) বেসিক হেল্থ কেয়ার, (৪) ই.সি.জি টেকনিশিয়ান কোর্স আর উচ্চমাধ্যমিক বিজ্ঞান বিভাগের ছেলেমেয়েদের জন্য : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, (২) অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্ট, (৩) রেডিওলজি ল্যাবরেটরি টেকনিশিয়ান। আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর, নিউআলিপুর সেন্টারের জন্য : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭। শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, মালদা : ৯০৫১০৫১৩০৫, রায়গঞ্জ : ৯৮৭৪৬৪৪১১৩, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩০, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪, দঃ ২৪ পরগনা : ৯৮৭৪৬৪৪১১২, সল্টলেক (সিটি সেন্টার -১) : ৯০৭৩৯১৫৮৬১। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফি সকলের সাধ্যের মধ্যে। **ANM** নার্সিং কোর্সের আবেদন পত্র পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন ৯০৭৩৯৪৩৪৯১

## ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় অন্যরক... সফল অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনে...

**নিজস্ব প্রতিনিধি :** ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় অনাবদ্য সাফল্যে নজির সৃষ্টি করল অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন। ২০১... সালের ডব্লু.বি.সি.এস. ও ২০১৭ সালের সালের অডিট অ্যা... অ্যাকাউন্টস সার্ভিসের পরীক্ষায় সফল প্রায় ৫০'এর বেশি প্রার্থীকে ৫ জানুয়ারি কলেজ স্ট্রিটে 'অভিষেক-২০২০' অনুষ্ঠানের মাধ্যমে পুষ্পস্তবক, মেডেল ও পুস্তক দিয়ে সংবর্ধনা দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের বিপর্যয় মোকাবিলা দফতরের মন্ত্রী জাভেদ আহমেদ খান, রাজ্য প... ও পরিষেবা কর দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার সামিম সরকার, সি.ডি.পি.ও শান্তনু রায়, বিশিষ্ট শিক্ষক এ.কে.এম সরিফুজ্জামান, ড. আব্দুর রহিম খান, নাইমুল হক, আতিক আহমেদ সিদ্দিকী, শিক্ষাবিদ অমিত দে ও সুতপা কর।

সম্প্রতি ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস.'এর 'এ' ও 'বি' গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে। 'এ' গ্রুপে ৭৯ জন সফল প্রার্থীর মধ্যে ২৪ জন আর 'বি' গ্রুপে ১৩ জন প্রার্থীর মধ্যে ৮ জন প্রার্থী হলেন অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের ছাত্রছাত্রী। 'এ' গ্রুপে এক্সিকিউটিভ পদে তৃতীয় স্থান আর রেভিনিউ সার্ভিসে প্রথম, ডি.এস.পি. পদে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান দখল করেছে এই প্রতিষ্ঠান থেকে। অন্যদিকে, ২০১৭ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের পরীক্ষায় চূড়ান্ত সফল হয়েছে এখানকার ২১ জন প্রার্থী।

এই প্রতিষ্ঠানের কর্ণধার সামিম সরকার জানান, গত কয়েক বছরে এখান থেকে ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় প্রায় ৯০৯ জন প্রার্থী চাকরি পেয়েছে। রাজ্য সরকারের এই একটিই পরীক্ষা যেটা নিয়মিত হয়। এই পরীক্ষায় সফল হওয়া খুব কঠিন নয়। ধৈর্য ও পরিশ্রম করলে সফলতা নিশ্চিত হবেই। দূরের প্রার্থীদের কথা ভেবে এবছর থেকে কলকাতার নিউটাউনে রেসিডেন্সিয়াল ডব্লু.বি.সি.এস. কোর্স চালু হচ্ছে। ভরতি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে- ৯০৩৮৭৮৬০০০, ৯৬৭৪৪৭৮৬৪৪।

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে পেশাদার কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীন সেন্টার ফর কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্টএডুকেশন ২টি পেশাদার কোর্সে ভরতি নিচ্ছে। কোর্স ২টির নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল : (১) এপিডেমিওলজি অ্যান্ড পাবলিক হেলথ, শিক্ষাগত যোগ্যতা: বিএসসি পাশ। ডিগ্রি কোর্সে অন্যতম বিষয় হিসাবে নিউট্রিশন বা ফুড সায়েন্স বা হিউম্যান ডেভেলপমেন্ট বা হোম সায়েন্স বা ফিজিওলজি বা অ্যানথ্রোপলজি বা জুলজি বা বটানি বা বায়োকেমিস্ট্রি বিষয় নিয়ে পড়ে থাকতে হবে।

অথবা মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স বা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিগ্রি কোর্স পাশ বা বিএইচএস বা এম বিবিএস কোর্স পাশ। সীট ৬০টি। মেয়াস ৬ মাস। কোর্স ফী ৬,০০০ টাকা। কোর্স শুরু ফেব্রুয়ারি মাস থেকে। (২) এপিকালচার অ্যান্ড মাশরুম কাল্টিভেশন, শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ।

মেয়াদ ১ সপ্তাহ, সীট ৩০টি, কোর্স ফী২০০ টাকা, কোর্স শুরু মার্চ মাস থেকে। আগে আসার ভিত্তিতে ভরতি নেওয়া হবে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে www.vidyasagar.ac.in। ফী বাবদ দিতে হবে ২০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফট পাঠাতে হবে CCAE, Vidyasagar Univercity-র অনুকূলে ও পেয়েবেল অ্যাট লিখবেন বিদ্যাসাগর। পূরণ করা আবেদনপত্র পাঠাতে হবে ৩১ জানুয়ারির মধ্যে এই ঠিকানায় – সেন্টার ফর কন্টিনিউইং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশন, ডিডিই বিল্ডিং, বিদ্যাসাগর ইউনিভার্সিটি, পশ্চিম মেদিনীপুর,পিন-৭২১১০২। দরকারে ফোন করতে পারেন এই নম্বরে : ৮৩৭৩৮৬১৭০৭।

## রামকৃষ্ণ মিশনে কারিগরি ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** রামকৃষ্ণ মিশনের জনশিক্ষা মন্দির এই ৩টি কারিগরি ট্রেডে ভরতি নিচ্ছে- ২ ও ৩ চাকা গাড়ি মেরামতি ও রক্ষণাবেক্ষণ, ওযেল্ডিং ও মোবাইল ফোন রিপেয়ারিং। কোর্স ৩টি পশ্চিমবঙ্গ সরকারের বৃত্তিমূলক প্রশিক্ষণ দফতর স্বীকৃত। সব কোর্সের মেয়াদ ৬ মাস। অন্তত ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। ক্লাস হবে সপ্তাহে ৩ দিন। ২ ও ৩ চাকার গাড়ি মেরামতির ট্রেনিংয়ের জন্য খরচ ৩,৫০০ টাকা। অন্য সব কোর্সের ক্ষেত্রে মাসিক ফী ১৫০ টাকা। ট্রেনিং শুরু হবে ২০ জানুয়ারি থেকে। আগে আসার ভিত্তিতে ভরতি নেওয়া হবে। ভরতির আবেদনপত্র পাবেন এই ঠিকানায়- রামকৃষ্ণ মিশন জনশিক্ষামন্দির, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২। দরকারের ফোন করতে পারেন এই নম্বরে- ৯৬৮১৪৬৪১৫৬/৮৩৪৮০-০৭০৮৪/৯৯৩২২-৪১৫৫৮।

## নিখরচায় হাতের কাজের ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** বিড়লা ইনস্টিটিউট অফ টেকনোলজি কমিউনিটি ডেভলপমেন্ট প্রোগ্রামে আর্থিক দিকে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য দু'টি ট্রেডে ট্রেনিং দিচ্ছে। এই ট্রেড দু'টি হল ওয়েল্ডিং ও এয়ার কন্ডিশনিং রেফ্রিজারেশন রিপেয়ারিং ও মেন্টেনেন্স। ক্লাস টেন পাশরা কোর্সে ভরতির যোগ্য। বয়সের কোনো কড়াকড়ি নেই। ক্লাস শুরু হবে এ মাসের শেষ সপ্তাহ থেকে। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়। বিড়লা ইনস্টিটিউট অব টেকনোলজি, ৫৬ বিটি রোড, কলকাতা ৭০০০৫০, ফোন — (০৩৩) ২৫৫৭৬৭৪২ / ৬২৯০৪২৯৯৭৩ / ৯৮৩৬৪০২১৩৭।

## প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি :** প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় সায়েন্স ও হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সের নানা বিষয়ে ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে। প্রার্থী বাছাই হবে একটা প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১২ ও ১৪ এপ্রিল। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে- www.jeeb.in চালু ই-মেল ও আই ডি থাকতে হবে।আবেদন করা যাবে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। ফী বাবদ দিতে হবে ৫০০ টাকা।অনলাইন ব্যবস্থায় ফী দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফী দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজ ও পূরণ করা আবেদনপত্রের ১ কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন।

## রেলে ৪০০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

বন্ধ আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ফিটার ১০০টি (জেনাঃ ৫১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ১০০টি (জেনাঃ ৫১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭)। মেশিনিস্ট ৪০টি (জেনাঃ ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১)। পেইন্টার (জেনারেল) ২০টি (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫)। কার্পেন্টার ৪০টি (জেনাঃ ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১)। মেকানিক মোটর ভেহিক্যাল ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। ইলেক্ট্রিশিয়ান ৫৬টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৫)। ইলেক্ট্রনিক মেকানিক ১৪টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)। এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন মেকানিক ২০টি (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫)। এই পদের বিজ্ঞপ্তি নং : A-1/2020, Dated 08.01.2020.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.rcf.indianrailways.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, ই.ডব্লু.এস., প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


Join India's No.#1 Institute

WBCS | SSC
BANK | RAIL

ALL INDIA TOPPERS FROM AVISION



Why AVISION FOR GOVT. JOB ?

- Experienced Teachers From Delhi.
- Online Mock Test Lab.
- Free Library Facility.
- Daily Doubt Sessions.
- Weekly Speed Tests.
- Updated Course Material.
- Life Time Membership Card.
- Mobile Apps- iOS & Android.
- Smart Classroom
- Free Monthly Magazine.

AVISION
BANK | SSC | Govt. Exams

Watch free online videos from India's Best Faculties
AVISION 24x7.com

Moulali 6289818141 | Liluah 9331002233 | Howrah 6290773636 | Chandannagar 7044286611

For franchise call : 6289200867


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

## MATHEMATICS

1. সরল করুন। $\frac{8a^3}{a^2+ab+b^2} \times \frac{a+b}{2a(a^3+b^3)} \times \frac{a^4+a^2b^2+b^4}{4a^2}$

(a) 0 (b) 1 (c) $\sqrt{3}$ (d) $\frac{3}{4}$

2. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কগুলির যোগফল 10. যদি এককের অঙ্কটি দশকের অঙ্কের দ্বিগুণ হয়, তাহলে সংখ্যাটি কত?

(a) 73 (b) 64 (c) 28 (d) 19

73. $a^2 - 4ab + 4b^2 - 4$ কে দু'টি রাশির গুণফল হিসাবে প্রকাশ করলে রাশিদু'টি কী হবে?

(a) $(a - ab + b)(a - 2)$ (b) $(a - 2b + 2)(a - 2b - 2)$ (c) $(a - 4)(a^2 - ab + b^2)$ (d) $(a + 4)(a - 4)$

74. একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান। যদি ঘরটির চার দেওয়ালের ক্ষেত্রফল 100 বর্গমিটার হয়, তাহলে দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা কত মিটার?

(a) 5 (b) 10 (c) 2 (d) 11

75. 8 সেন্টিমিটার লম্বা ও 5 সেন্টিমিটার চওড়া প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি আয়তাকার পাইপের মধ্যে দিয়ে সেকেন্ডে 20 সেন্টিমিটার সমহারে জল প্রবাহিত হয়। পাইপটির সাহায্যে 96 লিটার জল ফেলতে কত মিনিট সময় লাগবে?

(a) 3 (b) 2 (c) $2\frac{1}{2}$ (d) 4

76. 2, 4, 6, 10 এর প্রত্যেকটির সঙ্গে কোন সংখ্যা যোগ করলে যোগফলগুলি সমানুপাতী হবে?

(a) 2 (b) 3 (c) 1 (d) 5

টেকনিক্যাল স্টাডি সেন্টার
সরকারি চাকরীর বিশ্বস্ত টেকনিক্যাল কোচিং
ITI, DIPLOMA, B.TECH যোগ্যতায়।
RAIL, DRDO, SAIL, ISRO, NPCIL, JE, WBPDCL, IOCL, NTPC
নন-টেকনিক্যাল কোর্স WBCS, CGL, SSC, PSC, MTS, Group-D
TECHNICAL STUDY CENTER
যোগাযোগ : 8820693885
হাওড়া বালি স্টেশনের কাছে

77. $6x^4 - 11x^3 - 2x^2 + 4x + 1$ কে $2x^2 - 3x - 1$ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে?

(a) $3x - x^2 + 1$ (b) $x - 3$ (c) $3x + 1$ (d) $3x^2 - x - 1$

78. সরল করুন। $\frac{9x^2-16y^2}{x^2-16} \times \frac{x^2-4x}{3x-4y}$

(a) $\frac{x(3x+4y)}{x+4}$ (b) $3x + 2$ (c) $x - y$ (d) $\frac{x}{4}+\frac{x}{3}$

79. ঘন্টায় 60 কিলোমিটার বেগে একটি ট্রেন 30 সেকেন্ডে একটি প্ল্যাটফর্ম অতিক্রম করল। যদি ট্রেনটির দৈর্ঘ্য 200 মিটার হয়, তাহলে প্ল্যাটফর্মটির দৈর্ঘ্য কত মিটার?

(a) 250 (b) 300 (c) 400 (d) 425

80. $(75)^3 - 3 \times (75)^2 \times 25 + 3 \times 75 \times (25)^2 - (25)^3$

(a) 752575 (b) 250250 (c) 125000 (d) 1251250

81. গোলকের ঘনফল = ?

(a) $\frac{2}{\sqrt{3}}\pi r^3$ ঘনএকক (b) $\frac{2\sqrt{3}}{2}\lambda r$ ঘনএকক (c) $\frac{4}{3}\lambda r^3$ ঘনএকক (d) $\frac{\sqrt{3}}{4}\lambda^3 r^3$ ঘনএকক

82. কোনটি সঠিক?

(a) $\sqrt{17}$, $\sqrt{11}$ হল শুদ্ধকরণী (b) মিশ্রকরণীর উদাহরণ $2\sqrt{3}$, $3\sqrt{5}$ (c) $\frac{3}{4}$, $\frac{2}{3}$ হল প্রকৃত ভগ্নাংশ (d) সবগুলি সঠিক

83. (pq – rs) এর ঘন নির্ণয় করলে কী হবে?

(a) $p^3 - q^3 + r^3 - s^3 - pqrs - p^2q^2r^2s^2$ (b) $p^3q^3 - 3p^2q^2rs + 3pqr^2s^2 - r^3s^3$ (c) $p - q - r - pqr - qrs - pqr$ (d) $p^3 - pq + q^3 - qp + r^3 - rs + s^3$

84. লাভের শতকরা হার = ?

(a) $\frac{\text{মোট লাভ}}{\text{ক্রয়মূল্য}} \times 100$ (b) $\frac{\text{লাভ}}{\text{ক্ষতি}} \times 100$ (c) $\frac{\text{ক্ষতি}}{\text{লাভ}} \times 100$ (d) $\frac{\text{ক্রয়মূল্য + বিক্রয়মূল্য}}{100} \times 10$

85. $a - b = 5$ ও $ab = 3$ হলে, $a^3 - b^3$ এর মান কত?

(a) 160 (b) 170 (c) 120 (d) 140

86. বার্ষিক 7% হার সরল সুদে 7,000 টাকায় 7 বছরের সুদ কত টাকা?

(a) 3440 (b) 712 (c) 810 (d) 3117

87. $x^3 + y^3 + z^3 - 3xyz$ কে $x + y + z$ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে?

(a) $x - y - z - x^2 - y^2 - z^2$ (b) $x^2y - yz - xz + x^2y^2z^2$ (c) $x - y - z - x^2 + y^2 + z^2$ (d) $x^2 + y^2 + z^2 - xy - yz - zx$

88. $a^3b - ab^3$ ও $a^3b^2 + a^2b^3$ এদের ল.সা.গু কত?

(a) $a^2b^2(a^2 - b^2)$ (b) abc (c) $ab(a^3 - b^3)$ (d) $a^2b - b^2 + b^2a + b$

89. বার্ষিক 8% হার সুদে 1,200 টাকায় 3 বছর 6 মাসের সুদ কত টাকা?

(a) 336 (b) 381 (c) 360 (d) 411

90. 10 জন লোক একটি কাজ 18 দিনে করতে পারে। 2 জন লোক বেশি কাজে এলে কাজটি কতদিনে শেষ হবে?

(a) 19 (b) 17 (c) 15 (d) 11

বেরিয়েছে
শিলাদিত্য জানুয়ারি ২০২০
বিশেষ রচনা
ভারতের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে জওহরলাল নেহরুর কথা সবার জানা। ইতিহাস কিন্তু অন্য কথা বলে। ১৯৪৭-এর ১৫ অগস্টের আগে ১৯৪৩ সালের ২১ অক্টোবর বিদেশে অস্থায়ী হিন্দু সরকার স্থাপিত হয়েছিল যার প্রধানমন্ত্রী হয়েছিলেন নেতাজি সুভাষচন্দ্র বসু। লিখেছেন পিনাকী ভাদুড়ী।
পৃথিবীর সবদেশেই রয়েছে নিজস্ব সংকেত লিপি যা সেনাবাহিনীতে, গোয়েন্দা বিভাগে ব্যবহৃত হয়। বিষয়টা আধুনিক পৃথিবীর নয়, বহু প্রাচীন যুগ থেকেই এর প্রচলন, এই লিপি উদ্ধারের জন্য বিশেষজ্ঞরাও প্রস্তুত থাকেন শত্রুর সংকেত থেকে তাদের কার্যকলাপ জানার জন্য। কবে কোথায় কোন দেশে প্রথম ব্যবহৃত হয় এই সংকেতলিপি, কোন কোন দেশ কীভাবে তা আবিষ্কার করে নিজস্ব লিপি তৈরি করেছে এইসব না জানা চমকপ্রদ তথ্য জানালেন অনুরাধা সান্যাল।
সংস্কৃতি জগতের উজ্জ্বল ব্যক্তিত্ব গিরিশ কারনাডের জীবন, কর্মধারা ও সংগ্রাম নিয়ে লিখেছেন গৌতম গুহরায়।
এছাড়া রয়েছে নিয়মিত সব বিভাগ।



91. $x + y = 2$ ও $x - y = 1$ হলে, $8xy(x^2 + y^2)$ এর মান কত?

(a) 0 (b) 22 (c) 15 (d) 21

92. $(64)^3 + 3 \times (64)^2 \times 36 + 3 \times 64 \times (36)^2 + (36)^3$

(a) 110110110 (b) 12121212 (c) 1000000 (d) 111

93. সোনা ও রূপা যথাক্রমে 30,000 টাকা ও 10,000 টাকা মূলধন দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করল। যদি বছরের শেষে 80,000 টাকা লাভ হয়, তাহলে সোনা কত টাকা পাবে?

(a) 40,000 (b) 55,000 (c) 60,000 (d) 25,000

94. A একটি কাজ 10 দিনে করতে পারে। B ওই কাজ 15 দিনে করতে পারে। তারা একসঙ্গে কাজটি কতদিনে করতে পারবে?

(a) 6 (b) 10 (c) 15 (d) 12

95. কোনো দ্রব্যের মূল্য x% বাড়লে খরচের পরিমাণ কমাতে হবে —

(a) $\left\{\frac{x}{(100+x)} \times 100\right\}\%$ (b) $\left(\frac{x-1}{100+x} \times 10\right)\%$ (c) $\left\{\frac{x}{100} \times 10x\right\}\%$ (d) $\left\{\frac{100-x}{100+x} \times 10\%\right\}$

96. একজন ব্যবসায়ী 150 টাকায় একটি ঘড়ি বিক্রি করলেন। 25% ক্ষতি হলে ঘড়িটির ক্রয়মূল্য কত টাকা?

(a) 200 (b) 220 (c) 250 (d) 280

97. নীচের কোন বক্তব্যটি সঠিক?

(a) অতিক্রান্ত দূরত্ব = গতিবেগ × সময় (b) গতিবেগ $= \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{সময়}}$ (c) সময় $= \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{গতিবেগ}}$ (d) সবই সঠিক

98. $\frac{1}{2}, \frac{2}{3}, \frac{4}{5}, \frac{7}{10}$ এর মধ্যে ক্ষুদ্রতম কোনটি?

(a) $\frac{1}{2}$ (b) $\frac{2}{3}$ (c) $\frac{4}{5}$ (d) $\frac{7}{10}$

99. 90 ও 80 এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির গড় কত?

(a) 88 (b) 87.5 (c) 86 (d) 91

100. $\frac{11}{18}+\frac{1}{8}+\frac{5}{27}+\frac{32}{33} = ?$

(a) $2\frac{251}{594}$ (b) $2\frac{257}{594}$ (c) $2\frac{237}{594}$ (d) $2\frac{247}{594}$

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(d). 2(c). 3(b). 4(a). 5(a). 6(b). 7(b). 8(d). 9(a). 10(c). 11(c). 12(b). 13(a). 14(d). 15(b). 16(d). 17(a). 18(c). 19(a). 20(c). 21(b). 22(a). 23(c). 24(a). 25(a). 26(a). 27(a). 28(c). 29(b). 30(d). 31(a). 32(c). 33(a). 34(c). 35(d). 36(b). 37(b). 38(c). 39(b). 40(d). 41(a). 42(b). 43(b). 44(d). 45(a). 46(d). 47(a). 48(a). 49(c). 50(c). 51(a). 52(b). 53(d). 54(a). 55(d). 56(c). 57(a). 58(a). 59(b). 60(a). 61(a). 62(d). 63(c). 64(c). 65(c). 66(c). 67(d). 68(b). 69(c). 70(b). 71(b). $\frac{8a^3}{a^2+ab+b^2} \times \frac{a+b}{2a(a^3+b^3)} \times \frac{a^4+a^2b^2+b^4}{4a^2} = \frac{8a^3}{a^2+ab+b^2} \times \frac{a+b}{2a(a+b)(a^2-ab+b^2)} \times \frac{a^4+a^2b^2+b^4}{4a^2} = \frac{8a^3(a+b)(a^4+a^2b^2+b^4)}{8a^3(a+b)(a^4+a^2b^2+b^4)} = 1$. 72(c). মনে করি, দশকের অঙ্কটি = x. তাই এককের অঙ্কটি = 4x. তাহলে সংখ্যাটি = 10 × x + 4x = 10x + 4x = 14x. আবার প্রশ্নানুসারে, x + 4x = 10 বা, 5x = 10 বা, x = 2. তাহলে সংখ্যাটি = 14 × 2 = 28. 73(b). 74(a). মনে করি, দৈর্ঘ্য = প্রস্থ = উচ্চতা = a মিটার। তাহলে 2 × (a + a) × a = 100 বা, 2 × 2a × a = 100 বা, $4a^2 = 100$ বা, $a^2 = \frac{100}{4} = 25$. বা, $a = \sqrt{25} = 5$. তাহলে দৈর্ঘ্য = প্রস্থ = উচ্চতা = 5 মিটার। 75(b). পাইপের মধ্যে দিয়ে 1 সেকেন্ডে প্রবাহিত জলের আয়তন = লম্ব প্রিজমের ঘনফল = 8 × 5 × 20 ঘনসেন্টিমিটার = 800 ঘনসেন্টিমিটার। তাহলে নির্ণেয় সময় $= \frac{96 \text{ লি.}}{800 \text{ ঘ.সে}}$ সেকেন্ড $= \frac{96 \times 1000}{800}$ সেকেন্ড = 2 মিনিট। 76(a). মনে করি, সংখ্যাটি x. তাহলে 2 + x, 4 + x, 6 + x ও 10 + x সংখ্যা চারটি সমানুপাতী। তাহলে, $\frac{2+x}{4+x} = \frac{6+x}{10+x}$ বা, $20 + 12x + x^2 = 2x + 10x + x^2$ বা, 2x = 4 বা, x = 2. 77(d). 78(a). $\frac{9x^2-16y^2}{x^2-16} \times \frac{x^2-4x}{3x-4y} = \frac{(3x)^2-(4y)^2}{(x)^2-(4)^2} \times \frac{x(x-4)}{3x-4y} = \frac{(3x+4y)(3x-4y)}{(x+4)(x-4)} \times \frac{x(x-4)}{3x-4y} = \frac{x(3x+4y)}{x+4}$ 79(b). ট্রেনের গতিবেগ 60 কিলোমিটার/ঘন্টা। 60 × 60 সেকেন্ডে ট্রেনটি যায় 60 × 1000 মিটার। তাহলে 30 সেকেন্ডে ট্রেনটি যায় $= \frac{60 \times 1000 \times 30}{60 \times 60} = 500$ মিটার। তাহলে প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 300 মিটার। 80(c). মনে করি, 75 = a ও 25 = b. তাহলে $a^3 - 3a^2b + 3ab^2 - b^3 = (a - b)^3 = (75 - 25)^3 = (50)^3 = 125000$. 81(c). 82(d). 83(b). 84(a). 85(b). $a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b) = (5)^3 + 3 . 3 . 5 = 125 + 45 = 170$. 86(a). নির্ণেয় সুদ $= \frac{7 \times 7000 \times 7}{100}$ টাকা = 3440 টাকা। 87(d). 88(a). 89(a). 3 বছর 6 মাস = $3\frac{6}{12}$ বছর = $\frac{7}{2}$ বছর। 100 টাকায় 1 বছরের সুদ = 8 টাকা। তাহলে 1200 টাকায় $\frac{7}{2}$ বছরের সুদ $= \frac{8}{100} \times 1200 \times \frac{7}{2}$ টাকা = 336 টাকা। 90(c). 10 জন লোক কাজটি করে = 18 দিনে। তাহলে (10 + 2) জন লোক কাজটি করে $= \frac{10 \times 18}{12}$ দিনে = 15 দিনে। 91(c). $8xy(x^2 + y^2) = 4xy . 2(x^2 + y^2) = \{(x + y)^2 - (x - y)^2\}\{(x + y)^2 + (x - y)^2\} = \{(2)^2 - (1)^2\}\{(2)^2 + (1)^2\} = (4 - 1)(4 + 1) = 3 \times 5 = 15$. 92(c). 64 = a, 36 = b হলে $a^3 + 3a^2b + 3ab^2 + b^3 = (a + b)^3 = (64 + 36)^3 = (100)^3 = 1000000$. 93(c). মূলধনের অনুপাত = 30000 : 10000 = 3 : 1 তাহলে সোনার প্রাপ্য $= \frac{3}{4} \times$ 80000 টাকা = 60000 টাকা। 94(a). A ও B একসঙ্গে কাজটি করবে $= \left(\frac{10 \times 15}{10+15}\right)$ দিনে $= \left(\frac{150}{25}\right)$ দিনে = 6 দিনে। 95(a). 96(a). নির্ণেয় ক্রয়মূল্য $= 150 \times \frac{100}{100-25}$ টাকা = 200 টাকা। 97(d). 98(a). $\frac{1}{2} = 0.5$, $\frac{2}{3} = 0.66$, $\frac{4}{5} = 0.8$, $\frac{7}{10} = 0.7$ তাহলে ক্ষুদ্রতম হল $\frac{1}{2}$. 99(c). নির্ণেয় গড় $= \frac{83+89}{2} = \frac{172}{2} = 86$. 100(b).

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সরকারি পলিটেকনিকে ২০৯ ল্যাব অ্যাসিস্ট্যান্ট

রাজ্যের সরকারি পলিটেকনিকে কাজের জন্য ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদে ২০৯ জন লোক নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্স)** : ফিজিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৩৭টি (জেনাঃ ১৭, জেনাঃ প্রাঃসংকঃ ১, তঃজাঃ ৮, তঃজাঃ প্রাঃসংকঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ১, মেধাবী খেলোয়াড় ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি)** : কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৩৭টি (জেনাঃ ১৭, জেনাঃ প্রাঃসংকঃ ১, তঃজাঃ ৮, তঃজাঃ প্রাঃসংকঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ১, মেধাবী খেলোয়াড় ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং)**: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৩২টি (জেনাঃ ১৪, জেনাঃ প্রাঃসংকঃ ১, তঃজাঃ ৭, তঃজাঃ প্রাঃসংকঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৩৫টি (জেনাঃ ১৬, জেনাঃ প্রাঃসংকঃ ১, তঃজাঃ ৭, তঃজাঃ প্রাঃসংকঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ১, মেধাবী খেলোয়াড় ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২৬টি (জেনাঃ ১১, জেনাঃ প্রাঃসংকঃ ১, তঃজাঃ ৫, তঃজাঃ প্রাঃসংকঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, প্রতিবন্ধী ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (মেটালার্জি)** : মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি)** : কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ফুড প্রসেসিং টেকনোলজি)** : ফুড প্রসেসিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা।শূন্যপদ: ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন)** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা।শূন্যপদ: ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি)** : ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি বা, ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং)** : অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.এসসি. কোর্স পাশরাও যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (প্যাকেজিং টেকনোলজি)** : প্যাকেজিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স)** : ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্সের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি)** : মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং)** : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা। শূন্যপদ: ১টি (তঃজাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং ১/২০২০।

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে স্ক্রিনিং টেস্ট হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ৩১ জানুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
৫৬এ, বি.টি. রোড, কলকাতা-৫০
নং ঃ রভা / কস / ০১১ / ২০২০
তারিখ ঃ ১০.০১.২০২০
বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় নিম্নলিখিত কোর্সে ভর্তি চলিতেছে। WBCS & COMBINED (20-21). NET/SET Paper-1, (Feb.-June) 2020 সেশনে ক্লাস শুরু হবে। সীমিত কিছু আসনের জন্য আগে আসার ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। যোগাযোগ – EOGP, Ph: 25462770, বুধবার বাদে প্রতিদিন বেলা ১২.৩০–৫টা। ফর্ম ও বিস্তারিত তথ্য জানতে www.rbu.ac.in দেখুন। কর্মসচিব

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের
* যোগ ও নেচারোপ্যাথি ডিপ্লোমা কোর্স (1 Yr.)
* Childhood & Adolescent Counselling (4 months)
(জানুয়ারি ২০২০) ভর্তি চলছে
শিবানন্দ হেলথ সোসাইটি (P-19), বেলঘড়িয়া, নিমতা
9239300520, 9432012294

ভর্তি চলছে
NETAJI SUBHAS & OPEN UNIVERSITY
Pranavananda Institute of Management & Technology
১০০% কর্মমুখী পিজি/ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স
Free Computer, English Class & Placement Assistance
■ Tailoring Dress Designing ■ Fire Safety Security / Disaster Manegment ■ Modern Office Managment ■ E-Accounting GST, Income Tax ■ Beautician ■ Yoga Education ■ Fitness Sports Managment ■ Solar Technician ■ Front Office Supervision ■ Pre-Primary Teachers Education- Montessori
Study Centres: Bharat Sevashram Sangha
Kolkata - 9073458811, Diamond Harbour - 8420254724, Raigunge - 9382878853, Barddhaman - 9679711007, Farakka - 9732593561, Hridaypur - 7980296653, Malda - 9733166276, Khatra Bakura - 8348297129.
www.pimtonline.in
Help Line: 033-35909956, 9830216056, 9331256934

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ কোচিং সেন্টার
শাখা : নৈহাটী, দমদম (কলকাতা), রানাঘাট, বেথুয়াডহরী, গোবরডাঙা


আচার্য্য ভবদেব স্যার

ভর্তি চলছে : পুলিশ কনস্টেবল (প্রিলি. ও মেইন), সাব-ইন্সপেক্টর অফ পুলিশ, আর্মি বাহিনী
WBCS (Prelim and Main), I.A.S (Prelim and Main), SSC, PSC, D-Group ও অন্যান্য চাকরির জন্য কোচিংয়ে ভর্তি চলছে
● প্রাক্তন WBCS, IAS (RT) প্রবাদ প্রতিম অফিসার, প্রফেসর, লেখক, ভাষাতাত্ত্বিক, প্রশাসক আচার্য ভবদেব স্যার নিজে প্রশিক্ষণ দেন সঙ্গে আছেন আরো WBCS, IAS অফিসারগণ
● সব চাকরির জন্য Mock Interview-এর ব্যবস্থা আছে ● মহিলা ও গরীবদের ভর্তির বিশেষ সুবিধা আছে ● আশ্রমিক পরিবেশে ক্লাশ হয়। আবাসিক থাকার ব্যবস্থা আছে।

সদ্য পাশ করা নানান সরকারি চাকরির পরীক্ষায় পাশ করা কিছু সফল ছাত্রছাত্রীর ছবি দেওয়া হল —




রানাঘাটে সরকারি চাকরির ফ্রী সেমিনার
২৩ জানুয়ারি আমাদের নতুন শাখা রানাঘাটে পুলিশের কনস্টেবল, WBCS-সহ অন্যান্য সব চাকরির পরীক্ষার হাল হদিশের জন্য এক ফ্রী সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে উপস্থিত থাকবেন আচার্য ভবদেব স্যার স্বয়ং। ফ্রী সেমিনারে অংশগ্রহণ করার জন্য ফোন করুন এই নম্বরে : 9474764885

Head Office : তাহেরপুর : 9474764885, 9775172089
গোবরডাঙা শাখা : 9734452565, বেথুয়াডহরী ব্রাঞ্চ : 9641095223
Website : www.kabitakutir.org

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে এরপর হবে মেইন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষায় প্রতি বছরই কাট অফ নম্বর এক থাকে না। কাট-অফ নম্বর কত হতে পারে তা জানা থাকলে 'মেন' পরীক্ষার প্রস্তুতি নিতে সহজ হয়। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০টি প্রশ্নের মধ্যে ক'টি প্রশ্নের উত্তর ঠিক করেছেন, তা ঘরে বসেই ঠিক করতে পারলে কাট-অফ নম্বর নিয়ে একটা ধারণা করতে পারবেন। প্রথম পার্টের ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **নুরুল ইসলাম**।

গত সপ্তাহের পর

**101.** ভারতের অর্থনৈতিক সংশোধনের প্রথম সূচনা হয় কবে?
(a) 1991 (b) 1992 (c) 1993 (d) 1994

**102.** 'ভরাচুক্তি' জলপ্রপাত ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরালা (b) মহারাষ্ট্র (c) কর্ণাটক (d) গোয়া

**103.** পঞ্জাবের নবীন পলিমাটি দিয়ে গঠিত ভূমিকে কী বলে?
(a) রাঢ় (b) ধায়া (c) ভূর (d) বেট

**104.** মায়ানমার কত সালে ভারত থেকে বিচ্ছিন্ন হয়?
(a) 1937 (b) 1941 (c) 1943 (d) 1947

**105.** এখন পশ্চিমবঙ্গে পুরসভার সংখ্যা ক'টি?
(a) 125 (b) 127 (c) 123 (d) 124

**106.** থর মরুভূমি রাজস্থানের কত শতাংশ জায়গা জুড়ে অবস্থিত?
(a) 25% (b) 40% (c) 60% (d) 33%

**107.** ভারতে নতুন কৃষি কৌশল গৃহীত হয় কত সালে?
(a) 2001 (b) 2000 (c) 2002 (d) 2003

**108.** পেস্যান্ট ফার্মিংয়ের অর্থ কী?
(a) চাষিই ওই জমির মালিক (b) কৃষি মজুর নিয়োগ (c) ভাড়াটে চাষি জমি চাষ করছে (d) কোনোটিই নয়

**109.** পঞ্চায়েত নীচের কোন করটি আদায় করতে পারে?
(a) বিক্রয় কর (b) ভূমি রাজস্ব (c) জলকর (d) টোল

**110.** শাস্ত্রীয় সঙ্গীত শিল্পী পারভীন সুলতানা কোন ঘরানার জন্য বিখ্যাত?
(a) গোয়ালিয়র (b) কিরানা (c) পাটিয়ালা (d) মেওটা

**111.** নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) ভিতর কণিকা : অলিভ রিডলে কচ্ছপ (b) দচিগ্রাম : এশিয়া সিংহ (c) দলমা পাহাড় : বন্য হাতি (d) কাজিরাঙ্গা : একশৃঙ্গ গন্ডার

**112.** বাংলার উত্তরের সমভূমি অংশ কী নামে পরিচিত?
(a) তরাই (b) ডুয়ার্স (c) বরেন্দ্রভূমি (d) রাঢ় অঞ্চল

**113.** কংসাবতী ও কেলেঘাই নদীর মিলিত প্রবাহ কী নামে পরিচিত?
(a) রূপনারায়ণ (b) সুবর্ণরেখা (c) হলদি নদী (d) তিস্তা

**114.** আসানসোলের জে. কে. নগর কোন শিল্পের জন্য বিখ্যাত?
(a) রাসায়নিক শিল্প (b) কাগজ শিল্প (c) অ্যালুমিনিয়াম শিল্প (d) লৌহ ইস্পাত শিল্প

**115.** ডাবুর চড় জলাভূমি পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) জলপাইগুড়ি (b) মুর্শিদাবাদ (c) পুরুলিয়া (d) দক্ষিণ ২৪ পরগনা

**116.** 'ভরতনাট্যম' আঞ্চলিক নৃত্যটি ভারতের কোন রাজ্যে বিখ্যাত?
(a) কর্ণাটক (b) তামিলনাড়ু (c) কেরালা (d) মহারাষ্ট্র

**117.** 1916 সালে প্রতিষ্ঠিত জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার সদর দফতর কোথায়?
(a) মুম্বই (b) কলকাতা (c) বেঙ্গালুরু (d) নিউদিল্লি

**118.** 'সোনালী বিপ্লব' কীসের সঙ্গে জড়িত?
(a) মধু ও উদ্যান (b) মাছ (c) তেল (d) রেশমগুটি

**119.** তাজমহল কত সালে বিশ্ব হেরিটেজ-এর তকমা পায়?
(a) 1980 (b) 1983 (c) 1986 (d) 1992

**120.** 'নেভেলি তাপবিদ্যুৎ কেন্দ্র' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরালা (b) তামিলনাড়ু (c) কর্ণাটক (d) গুজরাত

**121.** 'খাইবার পাস' কোন দু'টি স্থানকে যুক্ত করে?
(a) পেশোয়ার-কাবুল (b) কাবুল-তিব্বত (c) জম্মু-শ্রীনগর (d) কাবুল-কান্দাহার

**122.** সিমলা শহরটি হিমালয়ের কোন পরিসরে অবস্থিত?
(a) পিরপঞ্জাল (b) ধৌলাধর (c) নাগটিব্বা (d) শিবালিক

**123.** কোন দেশটিকে WHO-2019-এ ম্যালেরিয়া মুক্ত দেশ হিসাবে ঘোষণা করে?
(a) সার্বিয়া-ঘানা (b) আলজেরিয়া-আর্জেন্টিনা (c) পেরু-মালদ্বীপ (d) শ্রীলঙ্কা-ইন্দোনেশিয়া

**124.** প্রথম ভারতের হাইটেক বন্দরটি হল —
(a) পারাদ্বীপ (b) নবসেবা (c) কলকাতা (d) মার্মাগাও

**125.** নিচের কোনটি বাদামি কয়লা নামে পরিচিত?
(a) লীগনাইট (b) পীট (c) অ্যান্থ্রেসাইট (d) বিটুমিনাস

**126.** ২০১১ সালের জনগণনা অনুসারে পশ্চিমবঙ্গের কোন জেলায় জন্ম বৃদ্ধির হার সব থেকে বেশি?
(a) মালদা (b) মুর্শিদাবাদ (c) উত্তর দিনাজপুর (d) হাওড়া

**127.** মিড ডে মিল প্রকল্প কত সালে শুরু হয়?
(a) 2005 (b) 2002 (c) 2000 (d) 1995

**128.** অর্থনৈতিক যোজনা কোন তালিকার অন্তর্ভুক্ত?
(a) কেন্দ্র (b) রাজ্য (c) যুগ্ম (d) কোনোটিই নয়

**129.** লোকসভায় জিরো আওয়ারের সময়কাল কত?
(a) 1 ঘন্টা (b) 30 মিনিট (c) নির্ধারিত নয় (d) সর্বোচ্চ 2 ঘন্টা

**130.** ভারতের টোপোগ্রাফিক্যাল মানচিত্র কারা প্রস্তুত করে?
(a) জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (b) সার্ভে অফ ইন্ডিয়া (c) জিওগ্রাফিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (d) ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট

**131.** নিচের কোনটি বিস্তৃত অর্থ বোঝাতে ব্যবহৃত হয়?
(a) $M_1$ (b) $M_2$ (c) $M_3$ (d) $M_4$

**132.** ভারতে তেলের দাম নির্ধারণ করে?
(a) পেট্রোলিয়াম মন্ত্রক (b) আন্তর্জাতিক তেল সংস্থা (c) ভারত সরকার (d) তেল সংস্থা

**133.** কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মিশ্র অর্থনীতি গ্রহণ করা হয়?
(a) দ্বিতীয় (b) তৃতীয় (c) চতুর্থ (d) পঞ্চম

**134.** জাতীয় নমুনা জরিপ সংস্থা (NSSO) প্রতিষ্ঠা হয় কত সালে?
(a) 1950 (b) 1949 (c) 1948 (d) 1947

**135.** 20 Point Economic Programme কত সালে গ্রহণ করা হয়?
(a) 1972 (b) 1975 (c) 1980 (d) 1982

**136.** নাবার্ডে ভারত সরকারের অংশভাগ কত?
(a) 50% (b) 49% (c) 75% (d) 99%

**137.** কৃষিক্ষেত্র ভারতের GDP-এর কত শতাংশ অবদান রাখে?
(a) 14% (b) 17% (c) 21% (d) 25%

**138.** ভারত সরকারের মনিটারি পলিসি কমিটি কতজন সদস্য নিয়ে গঠিত?
(a) 5 (b) 7 (c) 8 (d) 10

**139.** ভারতে ব্রিটিশ শাসনের 'ইস্পাত কাঠামো' বলা হয় —
(a) সেনাবাহিনীকে (b) পুলিশ বাহিনীকে (c) আমলাতন্ত্রকে (d) কোনোটিই নয়

**140.** কলকাতায় সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ পদটির সৃষ্টিকর্তা কে?
(a) লর্ড হেস্টিংস (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড রিপন

**141.** বাংলার 'তারিকা' আন্দোলনের নেতা কে ছিলেন?
(a) দুদুমিঞা (b) তিতুমির (c) হাজি শরিয়ৎউল্লাহ (d) সৈয়দ আহমেদ

**142.** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'আনন্দমঠ' উপন্যাস কোন বিদ্রোহের পটভূমিকায় রচিত?
(a) কোল বিদ্রোহ (b) সিপাহী বিদ্রোহ (c) সন্ন্যাসী বিদ্রোহ (d) মোপলা বিদ্রোহ

**143.** 1857 সালের বিদ্রোহে কোন ভারতীয় শাসক বন্দি হয়েছিলেন?
(a) বাহাদুর শাহ জাফর (b) নানা সাহেব (c) ঝাঁসির রানি লক্ষীবাঈ (d) ওপরের সবাই

**144.** সিপাহী বিদ্রোহ পরবর্তীসময়ে প্রথম ভারতসচিব হিসাবে কে নিযুক্ত হয়েছিলেন?
(a) লর্ড ক্যানিং (b) মেকলে (c) উইলিয়াম জোন্স (d) আল স্ট্যানলি

**145.** কে 'স্বদেশ বান্ধব সমিতি' প্রতিষ্ঠা করেন?
(a) পুলিন দাস (b) অশ্বিনীকুমার দত্ত (c) সূর্য সেন (d) বারীন্দ্র সেন

**146.** কোন বিখ্যাত সমাজ সংস্কারকের স্ত্রী 1851 খ্রিস্টাব্দে পুণাতে একটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন?
(a) জ্যোতিবা ফুলে (b) জি. এম. দেশমুখ (c) রামকৃষ্ণ পরমহংস (d) এঁদের কেউই নন

**147.** জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে বুনিয়াদি শিক্ষার পরিকল্পনা গৃহীত হয়?
(a) পুণা (b) কলকাতা (c) ওয়ার্ধা (d) বোম্বাই

**148.** কত সালে 'কার্লাইল সার্কুলার' জারি হয়?
(a) 1905 (b) 1908 (c) 1910 (d) 1912

**149.** 'মিরাত-উল-আকবর' পত্রিকার প্রকাশ বন্ধ করা হয় —
(a) প্রেস অর্ডিন্যান্স, 1930 দ্বারা (b) অ্যাডামস রেগুলেশন, 1823 দ্বারা (c) প্রেস অ্যাক্ট অফ, 1835 দ্বারা (d) কোনোটিই নয়

**150.** পরাধীন ভারতের প্রথম রাজনৈতিক সংগঠনটির নাম কী ছিল?
(a) ভারত সভা (b) জমিদার সভা (c) ব্রিটিশ ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন (d) জাতীয় কংগ্রেস

**151.** কে ভারতসভার প্রথম সম্পাদকের পদ অলংকৃত করেছিলেন?
(a) এস.এন. ব্যানার্জি (b) দাদাভাই নৌরজী (c) মেরি কার্পেন্টার (d) আনন্দমোহন বসু

**152.** 1912 সালে লর্ড হার্ডিঞ্জের ওপর আক্রমণ চালিয়েছিলেন কে?
(a) রাসবিহারী বসু (b) বসন্ত বিশ্বাস (c) ক্ষুদিরাম বসু (d) অজিৎ সিং

**153.** ব্রিটিশ প্রশাসনিক অফিসার সিম্পসন ও ক্রেগকে হত্যা করেছিলেন কে?
(a) বিনয় বাদল দিনেশ (b) ভগৎ সিং (c) চন্দ্রশেখর আজাদ (d) রামপ্রসাদ বিসমিল

**154.** লন্ডনে, 'ইন্ডিয়া হাউস' কে প্রতিষ্ঠা করেন?
(a) শ্যামাজী কৃষ্ণবর্মা (b) মাদাম ভিকাজি কামা (c) লালা দরদয়াল (d) দাদাভাই নৌরজি

**155.** মাৎসিনির 'ইয়ং ইটালি'র আদর্শে অনুপ্রাণিত হয়ে ভারতে প্রতিষ্ঠিত হয়
(a) হিন্দুস্তান সোশ্যালিস্ট রিপাবলিকান অ্যাসোসিয়েশন (b) অভিনব ভারত (c) যুগান্তর দল (d) হিন্দুস্তান রিপাবলিকান আর্মি

**156.** কাকে 'পূর্ব এশিয়ার স্বাধীনতা সংগ্রামের জনক' বলা হয়?
(a) সুভাষচন্দ্র বসু (b) শ্যামাজী কৃষ্ণবর্মা (c) রাসবিহারী বসু (d) ক্ষুদিরাম বসু

**157.** স্বদেশি আন্দোলনের অন্যতম গুরুত্বপূর্ণ মুসলিম নেতা কে ছিলেন?
(a) লিয়াকাৎ আলি খান (b) লিয়াকাৎ হোসেন (c) মহম্মদ আলি (d) এ. কে. আজাদ

**158.** 'অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস'এর প্রথম সম্পাদক কে ছিলেন?
(a) লালা লাজপত রাই (b) দেওয়ান চমনলাল (c) চিত্তরঞ্জন দাশ (d) সুভাষচন্দ্র বসু

**159.** আম্বেদকর জনসম্মুখে হিন্দুদের কোন পবিত্র গ্রন্থ জ্বালিয়ে দেন?
(a) ভগবত গীতা (b) মনুস্মৃতি (c) সুলভ স্মৃতি (d) পরাশর সংহিতা

**160.** নীচের কে পরপর তিনটি গোলটেবিল বৈঠকেই যোগ দেন?
(a) তেজ বাহাদুর সাপ্রু (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) আবুল কালাম আজাদ (d) সত্যেন্দ্রনাথ বোস

**161.** লবণ সত্যাগ্রহে মোহনদাস করমচাঁদ গান্ধীর সহকারী কে ছিলেন?
(a) ড. সত্যপাল ডাং (b) জওহরলাল নেহেরু (c) সৈফুদ্দিন কিচলু (d) আব্বাস তায়েবজি

**162.** 1901 খ্রিস্টাব্দে প্রত্নতত্ত্ববিদ বিভাগ কে গঠন করেন?
(a) লর্ড কার্জন (b) চেমসফোর্ড (c) লর্ড মর্লে (d) ডাফরিন

**163.** কে রাজা রামমোহন রায়কে 'ভারত পথিক' উপাধিতে ভূষিত করেন?
(a) স্বামী বিবেকানন্দ (b) অধ্যাপক দিলীপকুমার (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) লর্ড বেন্টিঙ্ক

**164.** 'গ্রামসভা' কোন স্তরে গঠন করা হয়?
(a) গ্রাম স্তরে (b) ব্লক স্তরে (c) জেলা স্তরে (d) রাজ্য স্তরে

**165.** কোন দেশের সংবিধানকে 'আইনজীবীদের স্বর্গরাজ্য' (Paradise of Lawyers) বলা হয়?
(a) ব্রিটেন (b) ভারত (c) মার্কিন যুক্তরাষ্ট্র (d) কানাডা

**166.** 'ভারতীয় নাগরিকতা আইন' কত খ্রিস্টাব্দে পাশ হয়?
(a) 1950 (b) 1955 (c) 1967 (d) 2003

**167.** 19 ধারায় বর্ণিত স্বাধীনতার অধিকারগুলির সংখ্যা এখন কত?
(a) 2টি (b) 5টি (c) 6টি (d) 7টি

**168.** ভারতীয় গণপরিষদের মোট কমিটির সংখ্যা কত ছিল?
(a) 12টি (b) 20টি (c) 22টি (d) 42টি

**169.** গণপরিষদের প্রথম অধিবেশনে ড. সচ্চিদানন্দ সিনহার নাম গণপরিষদের কার্যনির্বাহী সভাপতি পদের জন্য কে প্রস্তাব করেন?
(a) জে. বি. কৃপালনি (b) জওহরলাল নেহেরু (c) রাজেন্দ্র প্রসাদ (d) বল্লভভাই প্যাটেল

**170.** রাষ্ট্রপতি মন্ত্রিপরিষদের কোনো সদস্যকে বরখাস্ত করতে পারেন —
(a) নিজের স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে (b) লোকসভার স্পিকারের সঙ্গে আলোচনা করে সহমতের ভিত্তিতে (c) প্রধানমন্ত্রীর সুপারিশক্রমে (d) ওপরের সবক'টি ক্ষেত্রে

**171.** ভারতে কয় প্রকার 'রাষ্ট্রকৃত্যক কমিশন' (Public Service Commission) রয়েছে?
(a) একপ্রকার (b) দু'প্রকার (c) তিন প্রকার (d) চার প্রকার

**172.** ভারতের বিচারব্যবস্থাকে অনেকে নীচের কোন আকারটির সঙ্গে তুলনা করেন?
(a) গোলক (b) আয়তাকার (c) পিরামিড (d) কোনোটিই নয়

**173.** এখন ভারতের নির্বাচন কমিশনারদের কার্যকালের মেয়াদ কত বছর?
(a) 5 বছর (b) 6 বছর (c) 4 বছর (d) 2 বছর

**174.** নীচের কোন কেন্দ্রশাসিত অঞ্চলের বিধানসভা রয়েছে?
(a) দিল্লি (b) পুদুচেরি (c) দিল্লি ও পুদুচেরি (d) লাক্ষাদ্বীপ

**175.** 'দুনিয়ার মজদুর এক হও' — উক্তিটি কার?
(a) কার্ল মার্কস (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) নেতাজী সুভাষচন্দ্র বসু (d) রুশো

**176.** সন্দীপ রেলওয়ে স্টেশনে 5 মিনিট দেরিতে পৌছাল ও ট্রেন মিস করল। ট্রেনটি ছাড়ার নির্দিষ্ট সময় ছিল সকাল 10.45. সন্দীপের বাড়ি থেকে স্টেশনে যেতে সময় লাগে 30 মিনিট। তাহলে সে কখন বাড়ি থেকে বেরিয়েছিল?
(a) 10.20 (b) 10.15 (c) 10.35 (d) 10.25

এরপর ১৩ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ৩ বাহিনীতে ৪১৮ অফিসার ১ পাতার পর

হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা 'বিমানবাহিনী' (এয়ারফোর্স), 'নৌবাহিনীর (নেভি)' বা, ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমে আবেদন করতে পারেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। সব বাহিনীর ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (বিমানবাহিনীর বেলায় ১৬২.৫ সেমি), বয়স ও উচ্চতার অনুপাতে ৪৫ কেজি থেকে ৬৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া ৬/৬ বা, ৬/৯ (যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য) ও কাছের বেলায় ±৫। এছাড়া লাল ও সবুজ রঙ আলাদাভাবে চেনার ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও সুস্বাস্থ্য দরকার। দৈহিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। শূন্যপদ : ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে ৩৭০টি ও ন্যাভাল অ্যাকাডেমিতে (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম) ৪৮টি। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2020-NDA-1.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (।), ২০২০'র মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ১৯ এপ্রিল। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা ও পোর্ট ব্লেয়ার। মোট ১ দিনের পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ৩০০ নম্বরের ম্যাথমেটিক্স (কোড ০১), (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। প্রতিটি পেপারে থাকবে আড়াই ঘন্টা করে সময়। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এই টেস্টে থাকবে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হবে গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা। সফল হলে ৩ বছরের ট্রেনিং। প্রথম আড়াই বছর হবে পুণের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'তে। এই ট্রেনিংয়ে সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.এ. বা, বি.এসসি. পাশের সার্টিফিকেট পাবেন। এরপর ৬ মাস প্র্যাক্টিক্যাল ট্রেনিং। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষা হওয়ার ৩ সপ্তাহ আগে থেকে. পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in

অনলাইনে দরখাস্ত করার জন্য প্রথমে পার্ট-ওয়ান ও পরে পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করার আগে প্রথমে ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। স্ক্যান করা প্রতিটি অংশ ৪০ কে.বি.'র মধ্যে হতে হবে। তবে ফটো ৩ কে.বি. ও সিগনেচার ১ কে.বি.'র নিচে হলে হবে না। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা /মাস্টার কার্ড / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন, ২৮ জানুয়ারির মধ্যে। কোনো অসুবিধা হবে ফোন করুন এই নম্বরে : 011-23385271/011-23381125.

## এম.এসসি কোর্সে ভরতি

১ পাতার পর

বায়োলজি / কেমিস্ট্রি / অঙ্ক / ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ২০১৮ ও ২০১৯ সালে পাশ হতে হবে আর এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০০ বা, তারপর। তপশিলী ও প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সীট NISER -এ ২০০টি ও CEBS-এ ৫৭টি।

প্রার্থী বাছাই হবে 'NEST' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৬ জুন, বেলা ৯টা থেকে সাড়ে ১২টা (প্রথম সেশন) ও বেলা ২টা থেকে সাড়ে ৫টি (দ্বিতীয় সেশন)। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি, আগরতলা, ভুবনেশ্বর, কটক, বর্ধমান, গুয়াহাটি, জামশেদপুর, পটনা, রাঁচী, শিলচর, শিলং, বোকারো স্টিল সিটি, ধানবাদ। সাড়ে ৩ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। মোট ৫টি সেকশনে প্রতিটিতে ৬০ নম্বর থাকবে। প্রথম সেকশন থাকবে জেনারেল সেকশন। এটি আবশ্যিক বিষয়। এই বিষয়ে নেগেটিভ মার্কিং নেই। দ্বিতীয় সেকশনে বায়োলজি, কেমিস্ট্রি, অঙ্ক ও ফিজিক্স বিষয় থাকবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। ফল বেরোবে ১৬ জুন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৪ এপ্রিলের মধ্যে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nestexam.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও তখন পরীক্ষা ফী বাবদ ১,২০০ (মহিলা, তপশিলী হলে ৬০০) টাকা ক্রেডিট কার্ড / ডেবিট কার্ড / নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের ট্রেনিং পার্টনার

Winner International Education Award

Tally Academy™

An ISO 9001:2015 Certified Organization



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীদের
Computer & Spoken English
Certificate, Diploma কোর্সে ভর্তি চলছে

Career Course : •Tally.ERP9 •GST •GST Filing •E-Filing •Adv. Excel শিখলেই চাকরির সুযোগ

Head Office : College Street, 1 Patuatola Lane, Kol-9, Call : 9836548553, 8910287520
Website : tallyacademy.co E-mail : tallyacademy.helpdesk@gmail.com
Authorised Tally Academy Centre : for details address visit : www.tallyacademy.co\Contact

| | | |
|---|---|---|
| Kankurgachi: 9836664272 | Ultadanga : 9874943692 | Behala : 8335069161/38 |
| Barasat : 9830225213 | New Alipore : 8420890411 | Tollygunge : 7003637200 |
| Sodepur : 9831503562 | Dunlop : 6291718860 | Basirhat : 6295741993 |
| New Town : 6289339414 | Kalyani : 9903041709 | Nagerbazar : 6291349571 |
| Kudghat : 9836074417 | Kanchrapara : 9903041709 | Baruipur : 8016404392 |
| Lake Town : 9830801459 | Sonarpur : 9903330432 | Diamond Harbour : 9734858945 |
| Liluah : 7044357234 | Kadamtala : 9830158268 | Madhyamgram : 9830164543 |
| Serampore : 9433256090 | CTI (Howrah) : 8777630393 | Rajarhat: 8820410004 |
| Satmile : 97325 34243 | Chakdah : 6292141580 | Shyamnagar : 8334039400 |
| Jhargram : 9434546514 | Uluberia : 9647024099/641 | Ranaghat : 8481076610 |
| | | Malda : 9775920240 |

ফ্রানচাইজি চাই? Low Invest and High Return

- Student Online Verification
- Certificate Online verification
- 16 Years India's Reputed Education Brand
- 20+ International & Govt. Registration.
- 85+ Franchise running at 10 States
- Certificate Granted All Employment Exchange

TALLY ACADEMY IS RIGHT FOR YOU IF ....

- Already Computer Training Centre
- Already Vocational Centre
- Coaching Centre/Taxation Fram
- Business Man, Working Man/Woman

Franchisee Call : 8910287520, 9836005115 or Visit : tallyacademy.co



প্রকাশিত

১ জানুয়ারি – ৩১ ডিসেম্বর, ২০১৯
ঘটে যাওয়া সমস্ত ঘটনাবলী সমৃদ্ধ

অ্যাচিভার্স ইয়ার বুক




এই বইটিতে আছে সারা বছরের অ্যাপ ও পোর্টাল, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, খেলাধুলার খবর, অধিবেশন, পুরস্কার, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকল্প, কমিটি, ব্যবসা-বাণিজ্য, মউ/চুক্তি, Who's Who, স্টাডি ও রিপোর্ট, ব্যাঙ্ক ও অর্থনীতির খবর, ধারা ৩৭০, সিএএ-সহ সরকারি চাকরির পরীক্ষায় প্রয়োজনীয় A-Z কারেন্ট অ্যাফেয়ার্স।

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ১০০ টাকা।



প্রকাশিত

ডব্লিউবিসিএস পরীক্ষায় একচান্সে সফল হতে
অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা




WBCS গাইড বুক

পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। মূল্য– ৪০০ টাকা।

প্রিলি ও মেন পরীক্ষার জন্য ১০৪০ পৃষ্ঠার এই বইটির বিশেষত্ব–

❖ বিষয়ভিত্তিক পুঙ্খানুপুঙ্খ আলোচনা ও কমনযোগ্য প্রশ্নোত্তর— ইংরেজি, ভারতের ইতিহাস, ভারতের স্বাধীনতা সংগ্রাম, পশ্চিমবঙ্গ-সহ ভারতের ভূগোল, ভারতীয় সংবিধান ও অর্থনীতি, বিজ্ঞান, মানসিক দক্ষতা, সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স।

❖ বিগত ১১ বছরের প্রশ্নোত্তর

✆ ৯৮৭৪২৭৩০০০


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। মাছের পটকার অগ্রপ্রকোষ্ঠে গ্যাস উৎপাদনকারী অঙ্গকে কী বলে — রেডগ্রন্থি।

২। ম্যালেরিয়া রোগের প্রোটোজোয়া কে আবিষ্কার করেন — রোনাল্ড রস (১৮৮০ সালে)।

৩। একটি পূর্ণবয়স্ক নীল তিমির গড় ওজন কত — প্রায় ১,৫০,০০০ কেজি।

৪। মানবদেহে মাথার চুলে কোন প্রোটিন থাকে — কেরাটিন।

৫। মানবদেহের ক্ষুদ্রতম পেশির নাম কী — স্টেপেডিয়াস।

### পদার্থবিদ্যা

৬। ফিউজ তারে কোন ধাতুর পরিমাণ বেশি থাকে — সীসা।

৭। আমাদের দেশে পরিবর্তী প্রবাহের কম্পাঙ্ক কত — ৫০ হার্ৎস।

৮। কোন ধর্মের সাহায্যে কোলয়েড ও প্রকৃত দ্রবণের পার্থক্য দ্রুত বোঝা যায় — কোলয়েডের 'টিন্ডাল প্রভাব' ধর্মের সাহায্যে।

৯। কে অ্যাভোগাড্রো সংখ্যার মান নির্ণয় করেন — মার্কিন পদার্থবিদ রবার্ট মিলিকান।

১০। 'অ্যাটমবোম' কে আবিষ্কার করেন



— মার্কিন যুক্তরাষ্ট্রের জুলিয়াস রবার্ট ওপেনহাইমার।

### রসায়ন

১১। বায়োগ্যাসের মূল উপাদান কী — মিথেন।

১২। পিচব্লেন্ড কোন মৌলের আকরিক — তেজস্ক্রিয় মৌল ইউরেনিয়াম।

১৩। কোন ধাতু, অন্য ধাতুর সঙ্গে মিশে 'অ্যামালগাম' তৈরি করে — পারদ।

১৪। বৈদ্যুতিক বাতিতে কোন গ্যাস থাকে — নাইট্রোজেন।

১৫। 'ব্রোমিন' কোন রংয়ের তরল — লাল।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। শিহাবুদ্দিন সুফি কোন ধর্ম সম্প্রদায়ের লোক ছিলেন — সুরাবর্দি।

১৭। ভারতে স্বর্ণমুদ্রার প্রথম প্রচলন কে করেন — দ্বিতীয় কদফিসিস।

১৮। 'কুতুব মিনার' কার উদ্দেশ্যে স্থাপিত হয় — ফকির কুতুব-উদ-দ্বীন।

১৯। মৌর্য যুগে কোন শিল্প সবথেকে বেশি গুরুত্ব অর্জন করেছিল — বস্ত্রশিল্প।

২০। ভারতের প্রথম ঐতিহাসিকধর্মী গ্রন্থ কোনটি — রাজতরঙ্গিনী।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২১। মহম্মদ ঘোরীর কোন সেনাপতি বাংলা ও বিহারকে মুসলিম শাসনের



অন্তর্ভুক্ত করেছিলেন — বখতিয়ার খিলজী।

২২। ইস্ট ইন্ডিয়া কোম্পানি দক্ষিণ ভারতের কোথায় তাদের প্রথম ঘাঁটি স্থাপন করে — মসুলিপত্তন।

২৩। মোহনদাস করমচাঁদ গান্ধী তাঁর 'কাইজার-ই-হিন্দ' পদক ফিরিয়ে দিয়েছিলেন কেন — তুরস্কের প্রতি সুবিচার না করতে চাওয়া।

২৪। 'পূর্ণ মানবতাবাদ'এর সঙ্গে কে জড়িত ছিলেন — মানবেন্দ্রনাথ রায়।

২৫। কোন মোগল সম্রাট ইংরেজ কোম্পানিকে 'দেওয়ানি' অধিকার দিয়েছিলেন — দ্বিতীয় শাহ আলম।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। 'ড্রামলিন' কেমন দেখতে — উলটানো নৌকার মতো।

২৭। 'কুদ্রেমুখ' লৌহ খনি ভারতের কোন রাজ্যে আছে — কর্ণাটক।

২৮। 'পিচোলা' হ্রদ ভারতের কোন রাজ্যের কোন শহরে আছে — রাজস্থানের উদয়পুর শহরে।

২৯। 'সর্দার সরোবর প্রকল্প' কোন নদীর সঙ্গে সম্পর্কিত — নর্মদা।

৩০। কোন নদী কাশ্মীর উপত্যকার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে — ঝিলম।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। ভুটানের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি — কুলাকাংড়ি।

৩২। জার্মানির 'ব্ল্যাক ফরেস্ট' কী জাতীয় পর্বত — স্তূপ পর্বত।

৩৩। বিশ্বের বৃহত্তম সমুদ্রগর্ভের তৈলখনি কোনটি — পারস্য উপসাগরে অবস্থিত 'সাফানিয়া'।

৩৪। পৃথিবীর দীর্ঘতম পার্বত্য হিমবাহের নাম কী — হুবার্ড।

৩৫। 'পান্নার দ্বীপ' কাকে বলে — আয়ারল্যান্ড।

## অর্থনীতি

৩৬। 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ



বোর্ড অফ ইন্ডিয়া'র (SEBI) এক্সিকিউটিভ ডিরেক্টর এখন কে — জি.ববিতা রায়ুড়ু।

৩৭। ২০১৯ সালের ডিসেম্বরে, ভারতের 'ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস' (UPI) ট্রানজ্যাকশনস কত অতিক্রম করেছে — ১.৩ বিলিয়ন।

৩৮। পীযুস গোয়েল সম্প্রতি ভারতের কোন শহরে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ (NSE) নলেজ হাব উদ্বোধন করেছেন — নয়াদিল্লি (এই হাবটি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স পাওয়ারড লার্নিং ইকোসিস্টেম সরবরাহ করবে, যা ব্যাঙ্কিং, আর্থিক পরিষেবা ও বিমা সেক্টরে সহায়তা করবে)।

৩৯। সম্প্রতি 'মাস্টারকার্ড', নিজেদের সাইবার সুরক্ষার জন্য কোন সংস্থা অধিগ্রহণ করেছে — রিস্করেকন।

## রাষ্ট্রনীতি

৪০। রাজ্যের বিধানমণ্ডলীর অনুমোদন না পেলে, রাজ্যপালের জারি করা অধ্যাদেশ সবথেকে বেশি কতদিন বলবৎ থাকে — ৬ মাস।

৪১। সংসদীয় পদ্ধতিতে ভারতীয় অবদান কোনটি — অ্যাডজর্নমেন্ট মোশন।

৪২। কোনো বিধেয়ক, অর্থ বিধেয়ক কিনা, তার সিদ্ধান্ত কে নেন — লোকসভার অধ্যক্ষ।

৪৩। রাজ্যের বিধানমণ্ডলীর অনুমোদন না পেলে, রাজ্যপালের জারি করা অধ্যাদেশ সবথেকে বেশি কতদিন বলবৎ থাকে — ৬ মাস।

৪৪। কোনো বিধেয়ক, অর্থ বিধেয়ক কিনা, তার সিদ্ধান্ত কে নেন — লোকসভার অধ্যক্ষ।

## সাম্প্রতিক ঘটনা

৪৫। শান্তিতে 'নোবেল' পুরস্কারজয়ী মালালা ইউসুফজাইয়ের জীবনী অবলম্বনে তৈরি হওয়া চলচ্চিত্রটির নাম কী — গুল মাকাই (৩১ জানুয়ারি চলচ্চিত্রটি মুক্তি পাবে)।

৪৬। কারা সম্প্রতি 'আকাশদীপ' সম্মানে সম্মানিত হয়েছেন — মারাঠি সাহিত্যিক ভালচন্দ্র নেমাদে ও হিন্দি লেখক জ্ঞানরঞ্জন।

৪৭। আসন্ন বিধানসভা নির্বাচনের ইস্তেহারের খসড়া তৈরির জন্য, জনগণের কাছ থেকে পরামর্শ নিতে, দিল্লির বিজেপি'র অফিসে একটি ক্যাম্পেন চালু হয়েছে। ক্যাম্পেনটির নাম কী — 'মেরি দিল্লি, মেরা সুজাভ'।

৪৮। আয়ারল্যান্ডে কুইন্স ইউনিভার্সিটির বেলফাস্টের প্রথম মহিলা চ্যান্সেলর হিসাবে কে মনোনীত হলেন — হিলারি ক্লিন্টন।

৪৯। ভারতের কোন রাজ্য সরকার এবছরের ১ জানুয়ারি থেকে, প্রতি মাসের প্রথম দিন 'নো ভেহিক্যাল ডে' পালন করার সিদ্ধান্ত নিয়েছে — রাজস্থান।

৫০। সুইৎজারল্যান্ডের প্রেসিডেন্ট এখন কে — সিমোনেত্তা সোমারউগা।

৫১। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি শ্রমিক ও কৃষকদের জন্য প্রথম 'অটল কিষাণ মজদুর ক্যান্টিন' চালু করল — হরিয়ানা।

৫২। সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান যোজনা'র (PMKaY) আওতায়, কৃষকদের মোট কত টাকা দিয়েছেন — ১২,০০০ কোটি টাকা।

৫৩। 'ন্যাশনাল মেডিক্যাল কমিশন'এর (NMC) চেয়ারম্যান এখন কে — সুরেশ চন্দ্র শর্মা।

৫৪। নয়াদিল্লির প্রগতি ময়দানে অনুষ্ঠিত ২৮ তম বার্ষিক 'নয়াদিল্লি বিশ্ব বইমেলা'র উদ্বোধন কে করেছেন — কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রী রমেশ পোখরিয়াল।

৫৫। জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নরের উপদেষ্টা পদে সম্প্রতি কে মনোনীত হলেন — রাজীব রাই ভাটনাগর।

৫৬। রাজ্য জুড়ে সাইবার ক্রাইম সম্পর্কে মহিলা ও শিশুদের সচেতন করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'সাইবার সেফ উওমেন' নামে ক্যাম্পেন চালু করল — মহারাষ্ট্র সরকার।

৫৭। ফ্লোরেন্স নাইটিঙ্গেলের ২০০ তম জন্মবার্ষিকীর সম্মানে, কোন সংস্থা সম্প্রতি ২০২০ সালটিকে 'নার্স ও মিডওয়াইফের বছর' হিসাবে আখ্যা দিয়েছে — বিশ্ব স্বাস্থ্য সংস্থা (এই প্রস্তাবটি এখন বিবেচনা ও অনুমোদনের জন্য ৭২ তম ওয়ার্ল্ড হেলথ অ্যাসেম্বলির সদস্য দেশগুলির কাছে উপস্থাপন করা হবে)।

৫৮। ২০২০ সালে 'গোল্ডেন গ্লোব পুরস্কার'এ কোন চলচ্চিত্র ড্রামা বিভাগে সেরা চলচ্চিত্রের পুরস্কার পেয়েছে — ১৯১৭।

৫৯। ভারতের কোন রাজ্যে প্রথম স্বাদু জলের কচ্ছপের জন্য পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা হবে — বিহার।

৬০। 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (DRDO) ইয়ং সায়েন্টিস্ট ল্যাবরেটরি ভারতের ক'টি শহরে তৈরি করা হবে — ৫টি (এই ৫টি শহর হল বেঙ্গালুরু, মুম্বই, চেন্নাই, কলকাতা ও হায়দরাবাদ)।

৬১। ২০২০ সালে কে গানের জন্য 'গ্লোবাল চাইল্ড প্রোডিজি পুরস্কার'



পেলেন — দুবাই ভিত্তিক ভারতীয় কিশোরী ১৩ বছর বয়সি সুচেতা সতীশ (১২০টি ভাষায় গান গাইতে পারেন এই কিশোরী)।

৬২। কোন কেন্দ্রীয় সংস্থা প্রথম 'আন্তর্রাষ্ট্রীয় যোগা দিবস মিডিয়া সম্মান' দিয়েছে — কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক (এই পুরস্কারের উদ্দেশ্য হল, বিশ্বব্যাপী যোগার প্রচারে মিডিয়ার ভূমিকাকে ইতিবাচকভাবে আনা ও স্বীকৃতি দেওয়া)।

৬৩। 'খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন' (KVIC) সম্প্রতি ভারতের কোন রাজ্যে প্রথম 'পাটোলা শাড়ি' সিল্ক প্রসেসিং প্ল্যান্ট চালু করেছে — গুজরাত।

৬৪। 'গোল্ডেন গ্লোব পুরস্কার' ২০২০ সালে কত তম বছরে পদার্পণ করেছে — ৭৭ তম।

৬৫। ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর (WEF) ওয়ার্ল্ড ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম কম্পিটিটিভনেস ইনডেক্সে ভারতের স্থান কত — ৩৪।

৬৬। কোন ভারতীয় কিশোরী সম্প্রতি আন্টার্কটিকার সর্বোচ্চ শৃঙ্গ ভিনসন মাসিফ জয় করলেন — মালাভাট পূর্ণা।

৬৭। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ২০২০ সালটিকে 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের বছর' হিসাবে ঘোষণা করেছে — তেলেঙ্গানা।

৬৮। 'বিশ্ব ব্রেইল দিবস' কবে পালিত হয় — ৪ জানুয়ারি।

৬৯। ২০২০ সালে কোন দেশে ৩৬ তম 'ইন্টারন্যাশনাল জিওলজিক্যাল কংগ্রেস' অনুষ্ঠিত হবে — ভারত।

৭০। গেজেট প্রকাশ ব্যবস্থাকে ডিজিটালাইজেশন ও পেপারলেস করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি '5T initiatives' নামে অনলাইন প্ল্যাটফর্ম চালু করেছে — ওড়িশা।

৭১। ব্রাজিলের প্রেসিডেন্ট এখন কে — জাইর মেসিয়াস বোলসোনারো।

৭২। সম্প্রতি জোরান মিলানোভিচ কোন দেশের প্রেসিডেন্ট পদে মনোনীত হলেন — ক্রোয়েশিয়া।

৭৩। বায়ুদূষণ প্রতিরোধ করতে, সম্প্রতি ভারতের কোন শহরে প্রথম স্মোগ টাওয়ার তৈরি করা হয়েছে — নয়াদিল্লি (দক্ষিণ দিল্লির লাজপত নগর মার্কেটে ২০ ফুট লম্বা এয়ার পিউরিফায়ার স্থাপন করা হয়েছে, যেখানে প্রতিদিন গড়ে প্রায় ১৫,০০০ মানুষ চলাচল করেন)।

৭৪। সম্প্রতি কোন দেশে বিশ্বের সবথেকে বড় ফুলের খোঁজ পাওয়া গেছে — ইন্দোনেশিয়া (বিজ্ঞানীরা জানিয়েছেন, 'র‍্যাফ্লেশিয়া তুয়ান মুদাই' প্রজাতির এই ফুলটির ব্যাস ১১১ সেন্টিমিটার বা, ৩.৬ ফুট)।

৭৫। গরিবদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দিতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ড. ওয়াইএসআর আরোগ্যশ্রী প্রকল্প' চালু করেছে — আন্ধ্রা প্রদেশ।

৭৬। কে সম্প্রতি নয়াদিল্লিতে 'Karmayoddha Granth' নামে বই প্রকাশ করেছেন — কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

## খেলাধূলা

৭৭। সম্প্রতি প্রকাশিত 'ইন্টারন্যাশনাল ওয়েটলিফটিং ফেডারেশন'এর (IWF) তালিকায় সাইখোম মীরাবাই চানুর স্থান কত — ৮।

৭৮। ভোপালে ৬৩ তম 'জাতীয় শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে কে সম্প্রতি সোনার পদক পেলেন — সৌরভ চৌধুরি (২৪৬.৪ স্কোর করে)।

৭৯। 'চেন্নাই ম্যারাথন'এ পুরুষ ও মহিলাদের বিভাগে কারা চ্যাম্পিয়ন হলেন — যথাক্রমে কেনিয়ার ফেলেক্স রোপ ও ভারতের কে.সুগানা (ফেলেক্স দৌড় শেষ করেছেন ২ ঘন্টা ২৯.০৩ সেকেন্ড সময়ে। সুগানা দৌড় শেষ করেছেন ৩ ঘন্টা ৪৪.৩০ সেকেন্ডে)।

৮০। সম্প্রতি কোন ভারতীয় ক্রিকেটার সব ধরণের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন — ইরফান পাঠান।

৮১। ২০১৯ সালে ভারতের কোন শহরে চতুর্থ অল ইন্ডিয়া পুলিশ জুডো ক্লাস্টার চ্যাম্পিয়নশিপ উদ্বোধন করা হয়েছে — নয়াদিল্লি।

৮২। ২০১৯ সালে দুবাই গ্লোব সকার পুরস্কারে কে বর্ষসেরা পুরুষ ক্রীড়াবিদের



সম্মান পেলেন — ক্রিশ্চিয়ানো রোনাল্ডো দস স্যান্তোস আভেরিও।

৮৩। 'ইন্টারন্যাশনাল টেবল টেনিস ফেডারেশন'এর (ITTF) তরফ থেকে প্রকাশিত ছেলেদের সিঙ্গলসে, অনূর্ধ্ব-২১ বিশ্ব টিটি র‍্যাঙ্কিংয়ে কে সম্প্রতি ১ নম্বরে উঠে এলেন — ভারতের মানব ঠক্কর।

৮৪। ২০২০ সালে 'খেলো ইন্ডিয়া ইউথ গেমস' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হবে — গুয়াহাটি।

৮৫। কে সম্প্রতি ইংল্যান্ডের হেস্টিংসে অনুষ্ঠিত, ৯৫ তম 'হেস্টিংস আন্তর্জাতিক দাবা কংগ্রেস'এর খেতাব জিতলেন — ভারতীয় দাবা খেলোয়াড় মাগেশ চন্দ্রন পঞ্চনাথন (অষ্টম রাউন্ডে ভারতীয় গ্র্যান্ডমাস্টার দীপ সেনগুপ্তকে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৯ ডিসেম্বর :** রাজস্থানের যশ বর্ধনকে হারিয়ে, মহারাষ্ট্রে আয়োজিত, সর্বভারতীয় এয়ার রাইফেল প্রতিযোগিতায় সোনার পদক পেলেন মধ্য প্রদেশের ১৮ বছর বয়সি শুটার ঐশ্বর্য প্রতাপ সিংহ তোমার। তৃতীয় হয়েছেন অসমের শুটার হৃদয় হাজারিকা।

☐ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন অস্ট্রেলিয়ার পেস বোলার পিটার সিডল। আন্তর্জাতিক ক্রিকেট থেকে সরলেও ঘরোয়া ক্রিকেটে খেলবেন তিনি। কাউন্টিতেও খেলতে দেখা যাবে তাঁকে। ৩৫ বছরের সিডল দেশের হয়ে ৬৭ টেস্টে ২২১ উইকেট নিয়েছেন।

☐ ৫৮০ স্কোর করে, জাতীয় শ্যুটিংয়ে পুরুষদের ২৫ মিটার স্ট্যান্ডার্ড পিস্তল বিভাগে সোনার পদক পেলেন চণ্ডীগড়ের বিজয়বীর সিধু। ২৫ মিটার স্ট্যান্ডার্ড পিস্তলে জুনিয়র ও জুনিয়র টিম বিভাগেও সোনার পদক পেয়েছেন তিনি। তাঁর সংগ্রহে মোট ৩টি সোনার পদক।

**৩০ ডিসেম্বর :** মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন অজিত পাওয়ার।

☐ সাংবাদিকতায় অসামান্য অবদানের জন্য, 'লোকমান্য তিলক জাতীয় সাংবাদিকতা' পুরস্কার পাচ্ছেন 'জাগরণ' পত্রিকার প্রধান সম্পাদক সঞ্জয় গুপ্তা। কেশরী-মারাঠা ট্রাস্ট এই পুরস্কারটি প্রতিষ্ঠা করেছিল। লোকমান্য তিলক দ্বারা প্রতিষ্ঠিত 'কেশরী' পত্রিকার ১৩৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ৪ জানুয়ারি সঞ্জয় গুপ্তার হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়েছে।

**৩১ ডিসেম্বর :** 'শিপিং কর্পোরেশন অফ ইন্ডিয়া'র চেয়ারপার্সন ও ম্যানেজিং ডিরেক্টর হলেন এইচ.কে.যোশী।

☐ দেশের ২৮তম স্থলসেনা প্রধান হলেন মনোজ মুকুন্দ নরাভানে।

☐ চুরি যাওয়া মোবাইল ব্লক করতে, দিল্লি ও ন্যাশনাল ক্যাপিটাল রিজিওন (NCR) এলাকায় 'সেন্ট্রাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার' (CEIR) নামে এক ওয়েব পোর্টালের সূচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ। কেন্দ্রীয় টেলিকম দফতরের অধীন এই পোর্টাল নিরাপত্তা, ফোন হারিয়ে বা, চুরি হয়ে গেলে সেই ফোনকে ব্লক করা ও খুঁজে পাওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

☐ মহিলাদের নিরাপত্তার জন্য, 'দামিনী' নামে কলিং ও হোয়াটসঅ্যাপ পরিষেবা চালু করল 'উত্তর প্রদেশ স্টেট রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন' (UPSRTC)। নম্বরটি হল ৮১১৪২-৭৭৭৭৭। সকাল ৯টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত এই পরিষেবা চালু থাকবে।

**১ জানুয়ারি :** 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া'র (SEBI) এক্সিকিউটিভ ডিরেক্টর হলেন জি.ববিতা রায়ুডু।

সুইৎজারল্যান্ডের প্রেসিডেন্ট হলেন সিমোনেত্তা সোমারউগা।



☐ দূষণ রুখতে, প্রতি মাসের প্রথম দিন 'নো ভেহিক্যাল ডে' পালন করার সিদ্ধান্ত নিল রাজস্থানের পরিবহণ বিভাগ। এই নতুন উদ্যোগের আওতায়, পরিবহণ বিভাগের সব অফিসার ও কর্মচারীরা এই দিনটিতে সাইকেল অথবা পায়ে হেঁটে অফিসে আসবেন।

☐ কৃষক ও শ্রমিকদের জন্য, রাজ্যের প্রথম 'অটল কিষাণ মজদুর ক্যান্টিন' চালু করল হরিয়ানা সরকার। এই ক্যান্টিনে কৃষক ও শ্রমিকরা ১০ টাকায় ৪টি চাপাটি, ভাত, ডাল ও মরসুমি শাকসবজি-সহ একটি ভেজ থালি পাবেন। প্রতিদিন সকাল ১১টা থেকে বিকাল ৩টে পর্যন্ত এইসব ক্যান্টিন চালু থাকবে। স্বনির্ভর গোষ্ঠীর ১০ জন মহিলাকে এই খাবার তৈরির জন্য নিয়োগ করা হয়েছে।

**২ জানুয়ারি :** আয়ারল্যান্ডে কুইন্স ইউনিভার্সিটির বেলফাস্টের প্রথম মহিলা চ্যান্সেলর হিসাবে মনোনীত হলেন হিলারি ক্লিন্টন।

☐ 'ন্যাশনাল মেডিক্যাল কমিশন'এর (NMC) চেয়ারম্যান হলেন সুরেশ চন্দ্র শর্মা।

☐ প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংগঠন তথা কেন্দ্রীয় সংস্থা 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন' (DRDO), তাদের নতুন গবেষণা কেন্দ্রটি তৈরি করতে চলেছে 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এ। যাদবপুরের ছাত্রদের প্রযুক্তিতে উচ্চ মেধার কথা চিন্তা করেই কেন্দ্রীয় সরকারের এই ভাবনা।

☐ হাঁটুতে চোটের জন্য, জাতীয় দল থেকে অবসর নিলেন ভারতীয় মহিলা হকি দলের অন্যতম তারকা সুনীতা লাকরা। দেশের হয়ে 'রিও অলিম্পিক'এ খেলেছেন তিনি।

**৩ জানুয়ারি :** বায়ুদূষণ প্রতিরোধ করতে, নয়াদিল্লিতে চালু হল প্রথম স্মোগ টাওয়ার। দক্ষিণ দিল্লির লাজপত নগর মার্কেটে ২০ ফুট লম্বা এয়ার পিউরিফায়ার স্থাপন করা হয়েছে, যেখানে প্রতিদিন গড়ে প্রায় ১৫,০০০ মানুষ চলাচল করেন।

☐ গুজরাতের সুরেন্দ্রনগরে প্রথম 'পাটোলা শাড়ি' সিল্ক প্রসেসিং প্ল্যান্ট চালু করল 'খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন' (KVIC)। এটির উদ্দেশ্য হল, পাটোলা শাড়ি নির্মাতাদের উৎপাদন বৃদ্ধিতে রেশম সহজেই সহজলভ্য করা। একটি খাদি প্রতিষ্ঠান ৭৫ লাখ টাকা ব্যয়ে এই প্ল্যান্টটি তৈরি করেছে।

☐ স্বাদু জলের কচ্ছপের জন্য, পুনর্বাসন কেন্দ্র চালু করছে বিহারের ভাগলপুর ফরেস্ট ডিভিশন। আধা হেক্টর জুড়ে ছড়িয়ে থাকা এই পুনর্বাসন কেন্দ্রটি একসঙ্গে ৫০০টি কচ্ছপকে আশ্রয় দিতে পারবে।

☐ ভারতীয় সমাজ সংস্কারক সাবিত্রীবাই ফুলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে, রাজ্য জুড়ে সাইবার ক্রাইম সম্পর্কে মহিলা ও শিশুদের সচেতন করতে, 'সাইবার সেফ উওমেন' নামে ক্যাম্পেন চালু করল মহারাষ্ট্র সরকার।

☐ আসন্ন বিধানসভা নির্বাচনের ইস্তেহারের খসড়া তৈরির জন্য, জনগণের কাছ থেকে পরামর্শ নিতে, দিল্লির বিজেপি'র অফিসে 'মেরি দিল্লি, মেরা সুজাভ' নামে ক্যাম্পেন চালু করল বিজেপি। কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি, দিল্লি বিজেপি প্রেসিডেন্ট মনোজ তিওয়ারি এই ক্যাম্পেন চালু করেছেন।

মার্কিন ড্রোন থেকে ছোঁড়া রকেট হানায় নিহত হলেন ইরানের সামরিক রেভোলিউশনারি গার্ড বাহিনীর কাদস ফোর্সের



কম্যান্ডার জেনারেল কাসেম সোলেমানি। সোলেমানির সঙ্গেই এই হামলায় মৃত্যু হয়েছে ইরাকের আধা সামরিক বাহিনী হাশেদ আল-শাবির ডেপুটি চিফ আবু মহদি আল মুহান্দিসের। এই হামলায় নিহত হয়েছেন মোট ৬ জন। এই ঘটনাকে 'জাতীয় বিপর্যয়' আখ্যা দিয়েছে ইরান সরকার। ঘোষণা করা হয়েছে ৩ দিনের রাষ্ট্রীয় শোক।

☐ পরিবেশরক্ষার স্বার্থে, বিশ্বের প্রথম দেশ হিসাবে সানস্ক্রিন মেখে সমুদ্রস্নানে নিষেধাজ্ঞা জারি করল প্রশান্ত মহাসাগরীয় দ্বীপদেশ পালাউ। এর অন্যথা হলে ১০০ মার্কিন ডলার জরিমানা দিতে হবে। সামুদ্রিক প্রাণী, উদ্ভিদ ও প্রবালের ক্ষতিকারক দিক রুখতে এই পদক্ষেপ নিয়েছে পালাউ সরকার।

☐ 'আই.টি.টি.এফ' প্রকাশিত ছেলেদের সিঙ্গলসে, অনূর্ধ্ব-২১ বিশ্ব টিটি র‍্যাঙ্কিংয়ে ১ নম্বরে উঠে এলেন ভারতের মানব ঠক্কর।

**৪ জানুয়ারি :** ২০২০ সালে, গানের জন্য 'গ্লোবাল চাইল্ড প্রোডিজি পুরস্কার' পেলেন দুবাই ভিত্তিক ভারতীয় কিশোরী ১৩ বছর বয়সি সুচেতা সতীশ। ১২০টি ভাষায় গান গাইতে পারে এই কিশোরী। এই পুরস্কার হল নাচ, গান, শিল্প, রচনা, অভিনয়, মডেলিং, বিজ্ঞান, উদ্ভাবন, ক্রীড়া প্রভৃতি বিভিন্ন বিভাগে শিশুদের প্রতিভা ও শক্তি উদ্ভাবনের একটি প্ল্যাটফর্ম।

☐ ২৪৬.৪ স্কোর করে, ভোপালে ৬৩ তম 'জাতীয় শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন সৌরভ চৌধুরি।

সব ধরণের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন বরোদার ৩৫ বছর বয়সি অলরাউন্ডার ইরফান পাঠান। ২০০৩ সালে



ভারতীয় দলের অস্ট্রেলিয়া সফরে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয়েছিল ইরফানের। দেশের হয়ে ২৯টি টেস্ট ও ১২০টি ওয়ানডে খেলেন তিনি। ২০১২ সালে টোয়েন্টি-২০ বিশ্বকাপে শেষবার জাতীয় দলের জার্সিতে মাঠে নেমেছিলেন ইরফান।

**৫ জানুয়ারি :** জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নরের উপদেষ্টা পদে মনোনীত হলেন রাজীব রাই ভাটনাগর।

☞ এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।

# জাতীয় জনসংখ্যাপঞ্জি




সম্প্রতি দেশজুড়ে জাতীয় জনসংখ্যাপঞ্জির (NPR) জন্য সিলমোহর দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আশ্বস্ত করেছেন, এন.পি.আর'এর সঙ্গে এন.আর.সি'র কোনো সম্পর্ক নেই। যদিও বিরোধীদের দাবি, এন.পি.আর হল এন.আর.সি'র প্রথম ধাপ। একনজরে এন.পি.আর সংক্রান্ত খুঁটিনাটি।

### কী এই এন.পি.আর? কীভাবে সম্পন্ন হবে গোটা প্রক্রিয়া?

* 'এন.পি.আর'এর পুরো নাম 'ন্যাশনাল পপুলেশন রেজিস্টার'।
* ভারতের প্রত্যেক বাসিন্দার বায়োমেট্রিক ও জনতাত্ত্বিক সংক্রান্ত তথ্য ভাণ্ডার হল এন.পি.আর।
* ১৯৫৫ সালের নাগরিকত্ব আইন ও নাগরিকদের নথিভুক্তি ও জাতীয় পরিচয়পত্র আইনের আওতায় ভারতের প্রত্যেক আবাসিকের জন্য এন.পি.আর বাধ্যতামূলক।
* ২০১১ সালের জনগণনার সময় প্রথমবার এন.পি.আর তৈরি করা হয়। ২০১৫ সালে তা পরিমার্জিত হয়।
* এবছরের এপ্রিল থেকে এন.পি.আর'এর কাজ শুরু করা হবে। চলবে সেপ্টেম্বর পর্যন্ত।
* জনগণনার সঙ্গে সঙ্গে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বাড়ির তালিকা তৈরির কাজও হবে।
* অসমে যেহেতু এন.আর.সি হয়েছে, তাই সেখানে এন.পি.আর হবে না।
* কোনো এলাকায় গত ৬ মাস বা, তার বেশি সময় ধরে বসবাসকারী বা, কোনো এলাকায় আগামী ৬ মাস বসবাস করতে ইচ্ছুক এমন কোনো ব্যক্তি 'সাধারণ বাসিন্দা' হিসাবে চিহ্নিত হবেন।
* এন.পি.আর ২ ধরণের তথ্যই সংগ্রহ করবে। ডেমোগ্রাফিক ও বায়োমেট্রিক। যদিও দ্বিতীয়টির জন্য আধার তথ্যের ওপর নির্ভর করতে হবে। কিন্তু ২০২০ সালের এন.পি.আর'এর জন্য আধার নম্বর দেওয়া বাধ্যতামূলক নয় বলে জানানো হচ্ছে। আধার ছাড়াও কেউ যদি স্বেচ্ছায় প্যান, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্সের তথ্য দিতে চান, তা নেওয়া হবে।
* ২০১০ সালে এন.পি.আর'এর জন্য ১৫টি বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছিল। কিন্তু ২০২০ সালে এন.পি.আর'এর জন্য ২১টি বিষয়ে তথ্য চাওয়া হবে।

### ২০২০ সালের এন.পি.আর'এর জন্য যে যে তথ্য প্রয়োজন

* নাম * পরিবারের কর্তার সঙ্গে সম্পর্ক * লিঙ্গ * জন্মতারিখ * বৈবাহিক স্থিতি * শিক্ষা * পেশা * বাবা/ মা /স্বামী/স্ত্রীর নাম * জন্মস্থান * বর্তমান ঠিকানা * কতদিনের বসবাস * নাগরিকত্ব * স্থায়ী ঠিকানা * আধার নম্বর (জানাতে চাইলে) * মোবাইল নম্বর * বাবা-মায়ের জন্মস্থান ও তারিখ * আগের ঠিকানা * পাসপোর্ট নম্বর * ভোটার পরিচয়পত্র নম্বর * প্যান নম্বর * ড্রাইভিং লাইসেন্স নম্বর।

### এন.পি.আর কি আদমশুমারির থেকে আলাদা?

* হ্যাঁ। দু'টিই আলাদা। দু'টি প্রক্রিয়াই একসঙ্গে চলবে। দু'টির তথ্যভাণ্ডারও আলাদা। একদশক পর-পর যে জনগণনা হয়, তাতে দেশের বিভিন্ন বৈচিত্রের মানুষের বৈশিষ্ট্য সম্বলিত থাকে। কিন্তু এন.পি.আর'এর ক্ষেত্রে প্রাধান্য পায় জনবিন্যাস সংক্রান্ত তথ্য।

### এন.পি.আর'এর সঙ্গে এন.আর.সি'র তফাৎ কী?

* এন.পি.আর হল ভারতে বসবাসকারী মানুষের তথ্যভাণ্ডার আর এন.আর.সি হল শুধু ভারতীয় নাগরিকদের তথ্যপঞ্জি। এন.আর.সি'র জন্য ভারতীয় নাগরিকত্বের প্রমাণ প্রয়োজন। যা দাখিল বাধ্যতামূলক। অন্যদিকে, এন.পি.আর'এর জন্য কোনো নাগরিকত্বের প্রমাণ দেখানোর প্রয়োজন নেই।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



১২ পাতার পর

□ ইন্দোনেশিয়ায় মিলল বিশ্বের সবথেকে বড় ফুলের খোঁজ। বিজ্ঞানীরা জানিয়েছেন, 'র‍্যাফ্লেশিয়া তুয়ান মুদাই' প্রজাতির এই ফুলটির ব্যাস ১১১ সেন্টিমিটার বা, ৩.৬ ফুট। এর আগে ইন্দোনেশিয়ারই পশ্চিম সুমাত্রায় একটি র‍্যাফ্লেশিয়া ফুল পাওয়া গিয়েছিল, যার ব্যাস ছিল ১০৭ সেন্টিমিটার। সেই রেকর্ডও ভেঙে দিল এই ফুলটি।

□ 'চেন্নাই ম্যারাথন'এ পুরুষ ও মহিলাদের বিভাগে চ্যাম্পিয়ন হলেন যথাক্রমে কেনিয়ার ফেলেক্স রোপ ও ভারতের কে.সুগানা। ফেলেক্স দৌড় শেষ করেছেন ২ ঘন্টা ২৯.০৩ সেকেন্ড সময়ে। সুগানা দৌড় শেষ করেছেন ৩ ঘন্টা ৪৪.৩০ সেকেন্ডে।

**৬ জানুয়ারি :** কোয়েম্বাটোরে মারা গেলেন ভারতীয় শিল্পী আকবর পদমসি (৯১ বছর)। ২০১০ সালে 'পদ্মভূষণ' সম্মান পান তিনি। এছাড়াও 'ললিত কলা আকাদেমি' থেকে সোনার পদক পান তিনি।

□ দৃষ্টিহীন প্রতিবন্ধীদের জন্য, চণ্ডীগড় রেলস্টেশনে চালু হল নেভিগেশন ফেসিলিটি। বেঙ্গালউরু ভিত্তিক এনজিও 'অনুপ্রয়াস'এর মাধ্যমে 'ইন্ডিয়ান রেলওয়ে স্টেশনস ডেভেলপমেন্টকর্পোরেশন' এটি চালু করেছে। এই পদক্ষেপটি দৃষ্টিহীন প্রতিবন্ধী যাত্রীদের, চণ্ডীগড় রেলওয়ে স্টেশনে যাত্রীবাহী সুবিধা সম্বন্ধে জানতে সহায়তা করবে। দেশের মধ্যে পঞ্চম ও উত্তর ভারতের প্রথম রেলওয়ে স্টেশন হিসাবে, চণ্ডীগড় রেলওয়ে স্টেশনে এই পরিষেবা চালু হল।

□ গরিবদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দিতে, 'ড. ওয়াইএসআর আরোগ্যশ্রী প্রকল্প' চালু করল আন্ধ্রা প্রদেশ সরকার। আন্ধ্রা প্রদেশের পশ্চিম গোদাবরী জেলার এলুরুতে, মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সানদিনতি জগন্মোহন রেড্ডি এটির উদ্বোধন করেছেন। যাঁদের বার্ষিক আয় ৫ লাখ টাকা পর্যন্ত, তাঁরা 'আরোগ্যশ্রী' কার্ড পাবেন।



ক্রোয়েশিয়ার প্রেসিডেন্ট পদে মনোনীত হলেন জোরান মিলানোভিচ।

**৭ জানুয়ারি :** পার্বত্যময় ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে, (Mountainous Caribbean island of Dominica) ভারতের পরবর্তী হাই কমিশনার মনোনীত হলেন অরুণ কুমার সাহু।

□ ব্রিটেনের পার্লামেন্টারি প্রাইভেট সেক্রেটারি হলেন ভারতীয় বংশোদ্ভূত ট্যান ধেসি।

□ ১৮০০ শতাব্দীর ভারতীয় চিত্রকরদের অন্যতম নৈনসুখের আঁকা 'দ্য ট্রাম্পেটার্স' নামে এক বিখ্যাত ছবির রফতানি আটকে দিল ব্রিটিশ জাদুঘর। ছবিটি ১৭৩৫ সাল থেকে ১৭৪০ সালের মধ্যে আঁকা হয়েছিল বলে ধারণা বিশেষজ্ঞদের। উত্তর ভারতের একটি সঙ্গীত অনুষ্ঠানের ছবি এটি। ছবিতে দেখা যাচ্ছে, ৭ জন সঙ্গীতশিল্পী তুরি নামে একটি বাদ্যযন্ত্র বাজাচ্ছেন। ছবিটি কিনে নিয়েছে জাদুঘর কর্তৃপক্ষ। এখন এই চিত্রকর্মটি প্রদর্শনের জন্য জাদুঘরের স্যার জোসেফ হোটাঙ্গ গ্যালারি অফ চায়না ও সাউথ এশিয়াতে রাখা হয়েছে। এই শিল্পকর্মটি রফতানির লাইসেন্স ২০১৮ সালেই আটকে দিয়েছিলেন ব্রিটেনের সেক্রেটারি অফ স্টেট ফর ডিজিটাল, কালচার, মিডিয়া অ্যান্ড স্পোর্টস। বিদেশের বাজারে ছবিটির বিক্রি আটকাতে দরকার ছিল ৪ লাখ ৪০ হাজার পাউন্ডের। আর্ট ফান্ড, ন্যাশনাল হেরিটেজ মেমোরিয়াল ফান্ড ও ব্রুক সেওয়েল পার্মানেন্ট ফান্ডের সহায়তায় সেই টাকা তুলল ব্রিটিশ জাদুঘর।

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

□ পৃথিবীর আকারের নতুন একটি গ্রহের খোঁজ পেল 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন' (NASA)। গ্রহটির নাম 'টিওআই ৭০০ডি'। 'নাসা' জানিয়েছে, গ্রহটি বসবাসের উপযোগী ও এতে জলের অস্তিত্বও রয়েছে। পৃথিবী থেকে ১০০ আলোকবর্ষ দূরে এর অবস্থান। নাসা 'টিইএসএস' নামে একটি গ্রহাণুসন্ধানী নভোযান পাঠিয়েছিল ও সেটি একটি নিকটতম নক্ষত্রের কাছে এই গ্রহ খুঁজে পেয়েছে।

□ ৩০টি মিডিয়া হাউসের জন্য, প্রথম 'আন্তরাষ্ট্রীয় যোগা দিবস মিডিয়া সম্মান' চালু করল ভারত সরকার। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভরেকর এই পুরস্কার দিয়েছেন। এই পুরস্কারের উদ্দেশ্য হল, বিশ্বব্যাপী যোগার প্রচারে মিডিয়ার ভূমিকাকে ইতিবাচকভাবে আনা ও স্বীকৃতি দেওয়া। সংবাদপত্রে যোগ দিবসের সেরা মিডিয়া কভারেজ বিভাগের অধীনে ১১টি, টেলিভিশনে যোগ দিবসের সেরা মিডিয়া কভারেজ বিভাগে ৮টি ও রেডিওতে যোগ দিবসের সেরা মিডিয়া কভারেজ বিভাগের অধীনে ১১টি পুরস্কার দেওয়া হয়েছে। সম্মানিতদের দেওয়া হয়েছে পদক, ফলক, ট্রফি ও শংসাপত্র।

□ ইংল্যান্ডের হেস্টিংসে অনুষ্ঠিত, ৯৫ তম 'হেস্টিংস আন্তর্জাতিক দাবা কংগ্রেস'এ অপরাজিত চ্যাম্পিয়ন হলেন ভারতীয় দাবা খেলোয়াড় মাগেশ চন্দ্রন পঞ্চনাথন। অষ্টম রাউন্ডে ভারতীয় গ্র্যান্ডমাস্টার দীপ সেনগুপ্তকে হারান তিনি। ৯ রাউন্ডের প্রতিযোগিতায় তাঁর সংগ্রহ ৭.৫ পয়েন্ট।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

### সংশোধনী

গত সংখ্যার 'কর্মসংস্থান'এ 'কমন পেতে জরুরি তথ্য' বিভাগে 'দেশের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ' এর ৯ নম্বর পয়েন্টে '২০০৪ সালের বদলে ভুলবশত ২০১৪ সালে বাজপেয়ী সরকারের পতনের পর কংগ্রেস নেতৃত্বাধীন সরকারের কথা বলা হয়েছিল' আর 'একনজরে বিপিন রাওয়াত' শিরোনামটির শেষ লাইন '২০১৬ সালের ৩১ ডিসেম্বর, তাঁকে দেশের সেনাপ্রধান হিসাবে নিয়োগ করা হয়েছিল' পড়তে হবে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

# ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার

৮ পাতার পর

**177.** যদি A, B কে দেখিয়ে বলে যে আমি তার মায়ের বাবার ছেলে। তাহলে B, A-এর কী হয়?
(a) ভাইপো (b) ভাগনে (c) নাতনি (d) খুড়তুতো ভাই

**178.** নীচের মধ্যে কোনটি অন্যদের থেকে আলাদা?
(a) কানপুর (b) ভাগলপুর (c) পটনা (d) লক্ষ্ণৌ

**179.** Study of Birds : Ornithology : : Study of Fish : ?
(a) Ichtyology (b) Histology (c) Dendrology (d) Carpology

**180.** কুতুবমিনার : দিল্লি : : সাঁচীস্তূপ : ?
(a) ইন্দোর (b) জব্বলপুর (c) ভোপাল (d) নাগপুর

**181.** নীচের শ্রেণিটি সম্পূর্ণ করুন —
2, 3, 8, ? , 112
(a) 25 (b) 16 (c) 27 (d) 36

**182.** নীচের চিত্রে 6-এর বিপরীতে কোন সংখ্যা পড়বে?




(a) 1 (b) 3 (c) 5 (d) 4

**183.**




(a) 9 (b) 3 (c) 6 (d) 2

**184.** তিনটি গাড়ির গতিবেগের অনুপাত 1 : 3 : 5 হলে একই দূরত্ব অতিক্রম করতে তাদের সময়ের অনুপাত কত?
(a) 3 : 5 : 15 (b) 15 : 3 : 5 (c) 15 : 5 : 3 (d) 5 : 3 : 1

**185.** যদি x-এর 10%-এর তিনগুণ y-এর 15% হয়, তবে x : y = ?
(a) 1 : 2 (b) 9 : 2 (c) 8 : 3 (d) 11 : 4

**186.** একজন ব্যবসায়ীর 36টি কলম বিক্রয় করে 4টি কলমের বিক্রয় মূল্যের সমান ক্ষতি হয়েছে, তার শতকরা ক্ষতির পরিমাণ কত?
(a) $12\frac{1}{2}$% (b) 9% (c) 10% (d) $11\frac{1}{2}$%

**187.** এক ব্যক্তি কোনো জিনিসের ওপর পরপর তিনবার 10%, 12%, 5% ছাড় দিয়েছেন। তিনি মোট কত শতাংশ ছাড় দিয়েছেন?
(a) 26.27% (b) 24.76% (c) 9% (d) 11%

**188.** যদি $\frac{a}{b} = \frac{2}{3}$ ও $\frac{b}{c} = \frac{4}{5}$ হয়, তবে $\frac{a \quad b}{b \quad c} = ?$
(a) $\frac{20}{27}$ (b) $\frac{27}{20}$ (c) $\frac{6}{8}$ (d) $\frac{8}{6}$

**189.** যদি $\frac{1}{a}(a^2+1) = 3$ হয়, তবে $\frac{a^6 \quad 1}{a^3} = ?$
(a) 9 (b) 18 (c) 27 (d) 1

**190.** A একটি কাজের $\frac{1}{3}$ অংশ করে 5 দিনে ও B ওই কাজের $\frac{2}{5}$ অংশ করে 10 দিনে। তাহলে A ও B একসঙ্গে কতদিনে কাজটি সম্পন্ন করবে?
(a) $7\frac{3}{8}$ (b) $8\frac{4}{5}$ (c) $9\frac{3}{8}$ (d) 10

**191.** একজন ব্যক্তি পূর্বদিকে মুখ করে দাঁড়িয়ে আছে। প্রথমে সে $45^0$ anti clockwise ঘুরল ও তারপর $90^0$ anticlockwise ঘুরল। এখন সে কোন দিকে ফিরে আছে?
(a) পূর্ব-পশ্চিম (b) উত্তর-দক্ষিণ (c) উত্তর-পশ্চিম (d) তথ্য সম্পূর্ণ নয়

**192.** 3 : 25-এর সময় ঘড়ির মিনিট ও ঘন্টার কাঁটার মধ্যবর্তী কোণের মান কত?
(a) $47\frac{1}{2}^0$ (b) $42\frac{1}{2}^0$ (c) $60^0$ (d) $45\frac{1}{2}^0$

**193.** একজন ব্যক্তি প্রথমে 4 km উত্তর দিকে গেল, তারপর 6km পূর্ব দিকে ও তারপর আবার 4km উত্তর দিকে গেল। প্রাথমিক অবস্থান থেকে এখন কত দূরে অবস্থান করছে?
(a) 6 Km (b) 14 Km (c) 8 km (d) 10 km

**194.** যদি 625 = 1 ও 586 = 9 হয়, তাহলে 785 = ?
(a) 6 (b) 7 (c) 8 (d) 9

**195.** —zy—zxy—yxzx—zyx—xy.
(a) zxyzy (b) yzxyx (c) xyzzy (d) yxzyz

**196.** নীচেরগুলির মধ্যে কোনটি আলাদা?
(a) BdEg (b) PrSu (c) KmNp (d) TwXz

**197.** কোনো মাসের পঞ্চম দিন শুক্রবার হলে ওই মাসের 26তম দিনের 4 দিন আগের দিনটি কী বার হবে?
(a) মঙ্গলবার (b) শুক্রবার (c) বুধবার (d) সোমবার

**198.** একটি বর্গাকার ঘনকের চারিদিকে লাল রং করা হল। তারপর সেটিকে সমান মাপের 64টি ছোট ছোট ঘনকে কেটে ফেলা হল। এখন ক'টি ছোট ঘনকের শুধুমাত্র দু'টি পৃষ্ঠ লাল রং হবে?
(a) 24 (b) 20 (c) 28 (d) 16

**199.** একটি বৃত্তের পরিধি $24\pi$, তাহলে ওই বৃত্তের অর্ধবৃত্তের ক্ষেত্রফল কত?
(a) 220 (b) 144 (c) 242 (d) 484

**200.** x হল 0 ও 1-এর মাঝের একটি সংখ্যা। নীচের কোনটি সঠিক?
(a) $x > \sqrt{x}$ (b) $x > \frac{1}{x}$ (c) $x^3 > x^2$ (d) $\frac{1}{x} > \sqrt{x}$

### উত্তর

101 (a). 102(c). 103(d). 104(a). 105(b). 106(c). 107(b). 108(c). 109(b). 110(c). 111(b). 112(c). 113(c). 114(c). 115(d). 116(b). 117(b). 118(a). 119(b). 120(b). 121(a). 122(b). 123(b). 124(b). 125(a). 126(c). 127(d). 128(c). 129(a). 130(b). 131(c). 132(d). 133(a). 134(a). 135(b). 136(d). 137(b). 138(b). 139(c). 140(b). 141(b). 142(c). 143(a). 144(d). 145(b). 146(a). 147(c). 148(a). 149(b). 150(b). 151(d). 152(b). 153(a). 154(a). 155(b). 156(c). 157(b). 158(b). 159(b). 160(a). 161(d). 162(a). 163(c). 164(a). 165(b). 166(b). 167(c). 168(c). 169(a). 170(c). 171(c). 172(c). 173(b). 174(c). 175(a). 176(a). 177(b). 178(d). 179(a). 180(c). 181(c). 182(a). 183(d). 184(c). 185(a). 186(c). 187(b). 188(a). 189(b). 190(c). 191(c). 192(a). 193(d). 194(a). 195(d). 196(d). 197(d). 198(a). 199(c). 200(d).

**MSME - TOOL ROOM, KOLKATA**
(Central Tool Room & Training Centre)
Government of India Society
Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India
CTTC KOLKATA
ISO 9001 : 2015
OHSAS 18001:2007
ISO 29990 : 2010
CERTIFIED

**ADMISSION NOTICE FOR FREE - FULLY COMPANY SPONSORED COURSE FOR WOMEN**

| COURSE | ELIGIBILITY | INTAKE | DURATION | SECURITY DEPOSIT | COURSE FEES |
|---|---|---|---|---|---|
| ADVANCE MANUFACTURING TECHNIQUES WITH FOCUS ON GEAR MANUFACTURING & INDUSTRY | ITI / DIPLOMA IN MECHANICAL / PRODUCTION TOOL & DIE MAKING / NSQF COMPLIANT MECHANICAL COURSE HOLDER | 25 (Per Batch) | 06 Month (Full Time) | Rs. 1000/- (Refundable after successful completion of course) | Full sponsored Program (including lodging & boarding charges for candidates outside Kolkata City ) For Low Income Group Women Candidate |

**Note :** Course is sponsored by M/s Premium Transmission Pvt. Ltd., Pune under CSR with objective of skilling women for gaining purposeful employment for low Income group women candidates from Rural / Urban areas of the state West Bengal only. Candidates family annual income less than Rs. 5,00,000/- (Rupees Five Lakhs only) are eligible to apply for the course. Eligible candidates is required to submit the proof of income like filed income tax returns or income certificate from appropriate Govt. authorities, BPL Card. Training is full time residential / Non-residential (Only for Local City Candidates) program.

**How to apply :** Eligible candidates will be offered admission on the basis of screening test / first cum first serve basis. Attested Photocopy of educational qualification documents, AADHAR Card, Proof of Income to be produced at the time of admission.

**Course Execution :**
1. **Course will commence from 27th January, 2020.**
2. **Registration for the above course starts from 15th January, 2020. Screening test for selection of candidates will be on 21.01.2020. Candidates must be present on 21.01.2020 for selection and further admission process.**
3. Hostel facility will be provided for candidates out of Kolkata City only.
4. Institute reserves right to incorporate changes in course content, intake, duration, fee may cancel the proposed scheduled dates due to any reasons without notice.
5. Minimum 20 participants are required to start the batch in case if the no of applications received are not meeting the minimum batch requirement the batch will not be started.
6. After completion of course job placement assistance purely based on merit & performance shall be given.

**CONTACT FOR FURTHER DETAILS:**
**MSME - TOOL ROOM, KOLKATA**
(Central Tool Room & Training Centre)
Bon Hoogly Industrial Area, Kolkata - 700 108, Ph. : 9748397219 / 9330193304
email : cttc-msme@gov.in | Website: www.msmetoolroomkolkata.com
**PREMIUM TRANSMISSION PRIVATE LIMITED**
Premium House, Mumbai - Pine Road, Chinchwad, Pune - 411019, India
Mob No. : 9657047273, Fax : 020-2745 0287
email: pravin.pawar@premium-transmission.com | Website : www.premium-transmission.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ-এর যে পরীক্ষা ২৫ জানুয়ারি হবে, সেটি কি পার্ট-ওয়ান ও পার্ট-টু পরীক্ষা একই দিনে হবে? না ওইদিন শুধু পার্ট-ওয়ান পরীক্ষা হবে? অ্যাডমিট কার্ড কবে দেওয়া হবে? — মণীশ দেবনাথ, হাওড়া। পার্থ দে, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ -পার্ট-ওয়ান পরীক্ষা হবে ২৫ জানুয়ারি, দু'টি সেশনে, ১০ থেকে সাড়ে ১১টা ও ২টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত। ওইদিন শুধুমাত্র পার্ট-ওয়ানের পরীক্ষা হবে। এই পার্টে সফল হলে পার্ট-টু পরীক্ষা হবে। পার্ট-টু পরীক্ষা হতে দেরি আছে। পার্ট-ওয়ান পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন ১০ জানুয়ারি থেকে। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে প্রিলিমিনারি পরীক্ষা হয়েছে, তার ফল কবে বেরোবে? — রিম্পা মালাকার, কল্যাণী, নদিয়া।*

■■ প্রিলি. পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে এপ্রিল মাস নাগাদ।

■ *আইনের গ্র্যাজুয়েট হলে ডব্লু.বি.সি. এস. পরীক্ষা দেওয়া যায় কি? — অর্পিতা রায়, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন। ইউ.জি.সি.'র স্বীকৃত ভারতের যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স পাশ হলেই ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দিতে পারবেন।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? — মোনালিসা ব্যানার্জী, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। পায়েল ঘোষ, চন্দননগর, হুগলি। মিঠু দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ আই.সি.ডি.এস. (সুপারভাইজর) (বিজ্ঞপ্তি নং ৮/২০১৯) পদের প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে আগামী বছর মার্চ মাস নাগাদ।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ও.এন.জি.সি. এক্সিকিউটিভ | ডিগ্রি | ১৬ | ১৮-১-২০ | www.ompl.co.in |
| কোল ইন্ডিয়ায় মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক বা, আই.টি.আই. | ১,৩২৬ | ১৯-১-২০ | www.coalindia.in |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক | - | ২০-১-২০ | www.airmentselection.cdac.in |
| জে.আই.পি.এম.ই.আর. নার্স, ল্যাব অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা, ডিগ্রি | ১০০ | ২০-১-২০ | www.jipmer.edu.in |
| জেলা স্বাস্থ্য কেন্দ্রে মেডিক্যাল টেকনোলজিস্ট | উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা | ৯১১ | ২০-১-২০ | www.wbhrb.in |
| সরকারি পলিটেকনিকে ল্যাব. অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২০৯ | ২০-১-২০ | www.wbpsc.gov.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | আই.টি.আই. উচ্চমাধ্যমিক | ১৮৫ | ২১-১-২০ | www.npcilcareers.co.in |
| এন.পি.সি.আই.এল.-এ ট্রেড অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৮০ | ২১-১-২০ | www.npcilcareers.co.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,২০৬ | ২২-১-২০ | www.rrccr.com |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. বা, ডিপ্লোমা | ৩১২ | ২২-১-২০ | www.iocl.com |
| ডি.আর.ডি.ও.-এ ইঞ্জিনিয়ার, ম্যানেজার | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ১,৮১৭ | ২৩-১-২০ | www.drdo.gov.in |
| স্টেট ব্যাঙ্কে জুনিয়র অ্যাসোসিয়েটস | গ্র্যাজুয়েট | ৮,০০০ | ২৬-১-২০ | https://sbi.co.in |
| জওহরলাল ইনস্টিটিউটে নার্স, স্টেনো | উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা | ১৫৮ | ২৭-১-২০ | www.jipmer.edu.in |
| সেইলে টেকনিশিয়ান | আই.টি.আই., ডিগ্রি, ডিপ্লোমা | ১০৫ | ২৭-১-২০ | www.sail.co.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৪৯ | ২৭-১-২০ | www.delhipolice.nic.in |
| কটন কর্পোরেশন অ্যাসি., ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ৬৯ | ২৭-১-২০ | www.cotcorp.org.in |
| ভারতের সংসদে রিপোর্টার | গ্র্যাজুয়েট | ২১ | ২৮-১-২০ | www.loksabha.nic.in |
| ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ. ও এন.এ. | উচ্চমাধ্যমিক | - | ২৮-১-২০ | www.upsc.gov.in |
| এন.বি.সি.সি.-তে ম্যানেজমেন্ট ট্রেনি | গেট পাশ | ১০ | ২৮-১-২০ | www.nbccindia.com |
| দক্ষিণ-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,৭৮৫ | ৩-২-২০ | www.rrcser.co.in |
| কোস্ট গার্ডে নাবিক | উচ্চমাধ্যমিক, | ২৬০ | ২-২-২০ | www.joinindiancoastguard.gov.in |
| পশ্চিম রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩,৫৫৩ | ৬-২-২০ | www.rrcwr.com |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ক্লার্ক, স্টেনো | পোস্ট গ্র্যাজুয়েট | ৪৮৫ | ৬-২-২০ | http://dsssbonline.nic.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৬,০৬০ | ৯-২-২০ | www.ofb.gov.in |
| কালিম্পং জেলা আদালতে ক্লার্ক, স্টেনো | এইট পাশ ও মাধ্যমিক | ৩২ | ১০-২-২০ | www.calcuttahighcourt.gov.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে শিক্ষক ও কাউন্সেলর | পোস্ট গ্র্যাজুয়েট | ৭০৯ | ১৩-২-২০ | http://dsssbonline.nic.in |

## স্কুল সার্ভিসের

■ *গ্র্যাজুয়েট ও বি.এড. কোর্সের প্রতিটিতে ৬০% নম্বর আছে। বিষয় ছিল সংস্কৃত। নবম ও দশম শ্রেণির জন্য দরখাস্ত করতে পারব কি? — সৌরভ ভট্টাচার্য, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

■■ হ্যাঁ, যোগ্য। যেকোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে নবম ও দশম শ্রেণির সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য।

■ *স্কুল সার্ভিসে নবম ও দশম শ্রেণির বেলায় প্রার্থী বাছাই পদ্ধতি কেমন হবে? অ্যাকাডেমিক স্কোরের নম্বর কীভাবে দেওয়া হবে? নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — পিয়ালী দাস, বারাসাত, কাজিপাড়া, উত্তর ২৪ পরগনা। তাপস মালিক।*

■■ প্রার্থী বাছাইয়ের জন্য মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৫৫ নম্বর, শিক্ষাগত যোগ্যতায় (পেশাগত যোগ্যতা -সহ) থাকবে ৩৫ নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে থাকবে ১০ নম্বর।

৫৫ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ. টাইপের), সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই। লিখিত পরীক্ষায় ২২ (তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধী হলে ১৯) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। লিখিত পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে। লিখিত পরীক্ষার সিলেবাস ওয়েবসাইটে পাবেন। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে।

অ্যাকাডেমিক স্কোরে ৩৫ নম্বর দেওয়া হবে এইভাবে : নবম থেকে দশম শ্রেণির স্কুলের বেলায় — মাধ্যমিকে ১০ নম্বর, উচ্চমাধ্যমিকে ১০ নম্বর, ডিগ্রি /পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্সে ১০ নম্বর, বি.এড. যোগ্যতার জন্য ৫ নম্বর।

একাদশ থেকে দ্বাদশ শ্রেণির স্কুলের বেলায় — মাধ্যমিকে ৬ নম্বর, উচ্চমাধ্যমিকে ৬ নম্বর, ডিগ্রি কোর্সে ৮ নম্বর, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ১০ নম্বর, বি.এড. যোগ্যতার জন্য ৫ নম্বর। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর ও অ্যাকাডেমিক স্কোরে পাওয়া মোট নম্বরের ওপর ভিত্তি করে শূন্যপদের ১.২ গুণ প্রার্থীর নামের তালিকা তৈরি করে 'পার্সোন্যালিটি' টেস্টের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষা, অ্যাকাডেমিক স্কোর ও পার্সোন্যালিটি টেস্টের নম্বর যোগ করে মোট শূন্যপদের ১.১০ গুণ প্রার্থীর নাম ধরে চূড়ান্ত তালিকা তৈরি হবে। এর মধ্যে ০.১০ গুণ প্রার্থীর নাম থাকবে 'অপেক্ষমান তালিকা'য়। রিজিয়ন, মাধ্যম, বিষয়, সম্প্রদায়ভিত্তিক আলাদা তালিকা তৈরি হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.westbengalssc.com স্কুল সার্ভিসের নবম ও দশম শ্রেণির জন্য এবছর বিজ্ঞপ্তি বেরোবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সমরজিৎ বর্মন, মোহিতনগর, জলপাই গুড়ি। পার্থ ঘোষ, নবপল্লী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ বিজ্ঞপ্তি ঐ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেন পরীক্ষার সিলেবাস ও শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকে? — সমিত দাস, পানপুর, কাঁকিনাড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথমে হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা। তাতে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর হবে ফাইনাল লিখিত পরীক্ষা। সব শেষে হবে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল স্টাডিজ-১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অ্যারিথমেটিক - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন ও বুকের ছাতি দেখা হবে। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২ মিনিটে ৪০০ মিটার দৌড়। এরপর ফাইনাল লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘন্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘন্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘন্টা। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। তারপর হবে ডাক্তারি পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন।

## ব্যাঙ্কে চাকরির

■ *ব্যাঙ্কে চাকরির জন্য ডিগ্রি কোর্সে ৫০% নম্বর থাকতে হবে কি? ও.বি.সি.'দের নম্বরে ছাড় আছে কি? — উজ্জ্বলা ঘোষ।*

■■ ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার ও ক্লার্ক পদের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার যেকোনো শাখার গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ। ডিগ্রি কোর্সে নম্বরের কোনো কড়াকড়ি নেই।

## 'নেট' বা, 'সেট'এর

■ *পরিবেশবিদ্যা বিষয়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডিস্ট্যান্সে এম.এ. পাশ করেছি ও ৬৩% নম্বর আছে। পরিবেশ বিজ্ঞান বিষয়ে 'নেট' পরীক্ষা দিতে পারব কি? — রামকৃষ্ণ মাইতি, ন্যাজাট, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পারবেন না।

## অন্যান্য চাকরির

■ *রাজ্য সরকারের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — ইউসুফ আলি, কামাখ্যাগুড়ি, আলিপুরদুয়ার।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হলে কি রেল, ব্যাঙ্ক, পি.এস.সি., স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারব? —সুপ্রিয় ঘোষ, সরমন্তপুর, দিঘড়া, চাকদহ।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

■ *এন.আই.ও.এস. থেকে উচ্চমাধ্যমিক পাশ করলে কেন্দ্রীয় সরকারের যে কোনো চাকরির পরীক্ষা দিতে পারব কি? — অরিত্র দাস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। **E-mail** করবেন এই নম্বরে: **karmajiggasa@gmail.com** ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
..........................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



## ২৪৪ ইন্সট্রাক্টর রাজ্য কারিগরি সংস্থায়

পশ্চিমবঙ্গ সরকারের ডিরেক্টরেট অফ টেকনিক্যাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং-এর অধীন বিভিন্ন কলেজে বিভিন্ন ট্রেডে ওয়ার্কশপ ইন্সট্রাক্টর / ইন্সট্রাক্টর পদে ২৪৪ জন লোক নিচ্ছে। কোন ট্রেডে ক'টি শূন্যপদ, কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি পাবেন ওয়েবসাইটে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। দরখাস্ত করবেন অনলাইনে, ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www:wbpsc.gov.in




## ১০২ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ২৪, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৫)।

**টেকনিশিয়ান-'বি'** : বিজ্ঞান ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সার্ভেয়র, ড্রাফটসম্যান, ফিটার, টার্নার, মেকানিক্যাল, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান, ইলেক্ট্রনিক মেকানিক বা, ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : ৪৬টি। এর মধ্যে সার্ভেয়র ১২, ড্রাফটসম্যান ১, ফিটার, টার্নার, মেকানিক্যাল ১৯, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান ৭, ইলেক্ট্রনিক মেকানিক /ইন্সট্রুমেন্ট মেকানিক ৭। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ২২, ও.বি.সি. ১২, তঃজাঃ ৮, প্রতিবন্ধী ৪)।

সব পদের বেলায় বয়স হতে হবে ৩১-১-২০২০'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : GHAVP/HRM /01/ 2020.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.npcilcareers.co.in বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ডে

১ পাতার পর

১৬৮, ই.ডব্লু.এস. ৪২, ও.বি.সি. ১১৬, তঃজাঃ ৬২, তঃউঃজাঃ ৩৩)। এই পদের ভ্যাকান্সি নং : 20015101411.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপের প্রশ্ন। এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর, পটনা, রাঁচী, গ্যাংটক, আগরতলা, জোড়হাট, সম্বলপুর। সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.upsconline.nic.in প্রথমে ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫ টাকা স্টেট ব্যাঙ্কের কোনো শাখায় বা, নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ইন্ডিয়ান অয়েলে ২৪৮

১ পাতার পর

তামিলনাড়ু ও পুদুচেরিতে শূন্যপদ : ১২১টি (জেনাঃ ৬০, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩২)।

কর্ণাটক রাজ্যে শূন্যপদ : ৭৮টি (জেনাঃ ৩৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ২১)। তেলেঙ্গানা রাজ্যে শূন্যপদ : ২২টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)। আন্ধ্রাপ্রদেশ রাজ্যে শূন্যপদ : ২৭টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/SR/APPR/2019-20.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। এরপর ইন্টারভিউ হবে। লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন ও মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.iocl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তখন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর আর ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র আপলোড করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এইমসে ২০৬ নার্স

১ পাতার পর

কোর্স পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। নার্সিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। তবে তাঁদের বেলায় ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ২০৬টি (জেনাঃ ৮১, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩৬, তঃউঃজাঃ ১৫)। এর মধ্যে মেয়েদের জন্য ১৮৫টি ও ছেলেদের জন্য ২১টি শূন্যপদ সংরক্ষিত। এই পদের Advt No. 13562/ Nursing Officer/2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পটনায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimspatna.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী, ই.ডব্লু.এস. হলে ১২০০, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে আর ফী ডিটেলস আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

GSCE

পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

পরবর্তী ব্যাচ শুরু হতে চলেছে ২২শে জানুয়ারি থেকে। ভর্তির শেষ তারিখ ২০শে জানুয়ারি

শিয়ালদহ (হেড অফিস)
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306
Helpline : 9830277100/200/300
পরীক্ষার খুঁটিনাটি জানতে- 9231036500
চাকরি সংক্রান্ত বিষয়ে জানতে ফোন করুন অথবা SMS করুন

জিএসসিই-র 'Sure Success' কোর্সগুলি হল

WBCS
Preliminary + Main (Compulsory+ Scoring Optional) + Interview

Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.

Crash Course
On Any Upcoming Exam

Course on Interview & Personality Grooming

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদেরও সরকারি চাকরি পাওয়ার সুবর্ণ সুযোগ। জিএসসিই-তে শুরু হল বেসিক কোর্স

শর্টকার্ট মেথড ধরে টাইম ম্যানেজমেন্ট শেখা, কমসময়ে বেশী প্রশ্নের উত্তর দেওয়া, বিভিন্ন পরীক্ষার উপর প্রশ্নের ধরন বোঝা, পড়াশোনা করতে করতে বা অন্য কাজে নিযুক্ত থেকেও সময় বার করে সরকারি চাকরির পড়াশোনা ও অনুশীলন করা, নিজের ভুলত্রুটিগুলো শুধরে নিয়ে প্রতিকূলতাকে জয় করে সাফল্য পাওয়া - এ সব কিছুই জিএসসিই-র এই বেসিক কোর্সে হাতেকলমে শেখানো হয়। সঙ্গে আছে মেটেরিয়াল সাপোর্ট, মক টেস্ট দেওয়ার সুবিধা, ফ্রি লাইব্রেরি ও ইন্টারভিউ দেওয়ার প্রকৌশল রপ্ত করা প্রভৃতি। জিএসসিই-তে ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনা করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। SC/ST/OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ রয়েছে। বিশদ জানতে বাড়ির কাছাকাছি জিএসসিই কেন্দ্রে আজই যোগাযোগ করুন অথবা ফোন করুন - ৯৮৩০২৭৭১০০ / ২০০ / ৩০০।

বৈশিষ্ট্য ঃ
১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি
২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে

এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে দুঃস্থ চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ। পারিবারিক মাসিক আয় বিবেচ্য।

আসন সংখ্যা সীমিত

পিএসসি–র মাধ্যমে সাত হাজার সরকারি চাকরি

২০২০-র জানুয়ারি থেকে মার্চ মাসের ভিতর মোট ১২টি সরকারি চাকরির পরীক্ষা হতে চলেছে যার মধ্যে থাকছে ওয়ার্ক অ্যাকাউন্টস (মেন), ক্লার্কশিপ (মেন), অ্যাসিস্টান্ট ম্যানেজার (খাদ্য দপ্তর), ডব্লুবিসিএস এক্সিকিউটিভ, অ্যাসিস্ট্যান্ট ট্যুরিস্ট অফিসার, অডিট সার্ভিস (প্রিলি এবং মেন), সায়েন্টিফিক অফিসার ফরেনসিক ল্যাবরেটরি, মিশলেনিয়াস সার্ভিস, রেজিস্টার (উচ্চ শিক্ষা দপ্তর), ফামাসিস্ট এবং ওয়ার্ড মাস্টার (ইএসআই হাসপাতাল) প্রভৃতি পরীক্ষাগুলি। বছরের প্রথমেই পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এই নিয়োগ হতে চলেছে। সব মিলিয়ে ৭ হাজারের অধিক সরকারি চাকরির সম্ভাবনা।

যে সমস্ত পরীক্ষার ফর্ম ফিল আপ চলছে

| স্নাতক যোগ্যতায় | স্নাতক যোগ্যতায় | উচ্চমাধ্যমিক যোগ্যতায় | মাধ্যমিক যোগ্যতায় |
|---|---|---|---|
| SBI Clerk | RBI Assistant | UPSC NDA | DRDO MTS |
| শূন্যপদ ঃ ৮১৩৪ | শূন্যপদ ঃ ৯২৬ | শূন্যপদ ঃ ৪১৮ | শূন্যপদ ঃ ১৮১৭ |

শুধু প্রাইভেট টিউশন নয়, প্রয়োজন এক সম্পূর্ণ প্যাকেজের যেখানে থাকবে বিশেষজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের অঙ্ক, রিজনিং, ইংরেজি, জি.কে. / সি.এ. প্রভৃতি প্রতিটি বিষয়ের উপর বিশেষ গাইডলাইন, সাজেস্টিভ ও অথেনটিক মকটেস্ট সিরিজ, নিয়মিত স্টাডি মেটেরিয়ালস্ ধরে ক্লাসের সঙ্গে ইনডিভিজুয়াল কেয়ার, ডাউট ক্লিয়ারিং ক্লাস পরীক্ষার আগে স্পেশাল মেটেরিয়ালস্ ও লাস্ট মিনিট সাজেশনস্, ফ্রি লাইব্রেরি ও পার্সোনালিটি গ্রুমিং সেশন যা জিএসসিই-র ছাত্রছাত্রীদের সঠিক লক্ষ্যে পৌঁছাতে বছরের পর বছর সাহায্য করে চলেছে।

জিএসসিই-তে প্রস্তুতি চলছে জোরকদমে। নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে। গ্রুপে ভর্তি হলে কোর্স ফি-তে বিশেষ ছাড়।

জিএসসিই নিয়ে এলো শুধুমাত্র Mock Test দেওয়ারও সুযোগ!

জিএসসিই নিয়ে এলো ডব্লুবিসিএস, পিএসসি ক্লার্কশিপ প্রভৃতি পরীক্ষার প্রস্তুতির উপর শুধুমাত্র মক টেস্ট দেওয়ারও সুযোগ। কোনো একটি পরীক্ষা বা একাধিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীরা বাড়ির নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে এসে এই সুযোগ নিতে পারেন। প্রতিটি পরীক্ষার ফি ৩০০০ টাকা + জিএসটি।

আজই যোগাযোগ করুন।

পশ্চিমবঙ্গে ৮০০০ শূন্যপদে কনস্টেবল্ নিয়োগ শীঘ্রই

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যানী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677<br>9830342271 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃমেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| দুর্গাপুর | 9674025500 |
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| তারকেশ্বর | 9830277743 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| দার্জিলিং | 9674087821 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |

Website : www.gsceindia.org | Toll Free No. 18001230667

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd. ... Dist. 24 Parganas (South) Kolkata 700 150 ...

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad